দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ রবিবার ॥ ২৭ সেপ্টেম্বর ২০২৬ ॥ ১৫ রবিঃ সানিঃ ১৪৪৮ ॥ ১৪ আশ্বিন ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১১৩ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা


**আল কুরআন**

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

অথচ তারা যা আবৃত্তি করছে তা আদৌ কিতাব নয়। এবং তারা বলে যে, এসব কথা আল্লাহর তরফ থেকে আগত। অথচ এসব আল্লাহর তরফ থেকে প্রেরিত নয়।

সূরা আল ইমরান ৭৮

## বিরোধীদলের লং মার্চের কৌশল মানুষ বুঝে গেছে: স্বরাষ্ট্রমন্ত্রী

**কীর্তনখোলা ডেস্ক**

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, বিরোধীদলকে সংবিধান সংশোধন কমিটিতে অংশগ্রহণের সুযোগ ২ এর পাতায় দেখুন

## ভেরিফিকেশনের নামে ফ্যাসিবাদী আমলের অপকর্ম পরিত্যাগ করুন: জামায়াত আমির

**কীর্তনখোলা ডেস্ক**

ভেরিফিকেশনের নামে 'ফ্যাসিবাদী আমলের অপকর্ম' পরিত্যাগ করার আহ্বান জানিয়েছেন জামায়াতে ইসলামীর ২ এর পাতায় দেখুন

## আল্লাহর ওপর ভরসাই আমার সবচেয়ে বড় শক্তি: নাসীরুদ্দীন পাটওয়ারী

**কীর্তনখোলা ডেস্ক**

আল্লাহর ওপর ভরসাই নিজের সবচেয়ে বড় শক্তি বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক ২ এর পাতায় দেখুন

## দ্বিতীয় দফায় দেশব্যাপী ৩৪ লাখ শিশুকে হামের টিকাদান শুরু

**কীর্তনখোলা ডেস্ক**

দেশব্যাপী হামের প্রাদুর্ভাবের মধ্যে প্রথম দফায় টিকার বাইরে থাকা প্রায় ৩৪ লাখ শিশুকে এমআর (হাম-রুবেলা) ২ এর পাতায় দেখুন

# নগরীতে আ.লীগের নাশকতার ছক

**কীর্তনখোলা রিপোর্ট**

বরিশাল নগরীর একটি ভবন থেকে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ১২ নেতাকর্মীকে আটক করা হয়েছে; যারা নাশকতার সৃষ্টির জন্য গোপনে বৈঠক করছিলেন বলে দাবি পুলিশের। শনিবার বেলা সাড়ে ৩টার দিকে নগরের বটতলা এলাকার হালিমা খাতুন বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের পাশের একটি ভবনে থেকে তাদের আটক করা হয়। আটককৃতরা হলেন- নগরের ডেফুলিয়া এলাকার ইলিয়াস মুন্সী (৪৫), গোড়াচাঁদ দাস রোডের খলিলুর রহমান সুমন (৪৫), একই এলাকার সঞ্জিব কুমার দাস (৫২), আর্শেদ কন্টাক্টর গলির সিফাত (২২), কলেজ এভিনিউ এলাকার মাহাদি ইসলাম (২৬), দরগাবাড়ির ইয়াসিন আরাফাত (৩০), একই এলাকার রফিকুল ইসলাম (২৫), জিহাদ (২২), টুমচরের নাইম (২৫), শফিকুল ইসলাম, উজিরপুরের সিয়াম এবং মেহেন্দিগঞ্জ উপজেলার রাজিব চন্দ্র দাস। কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আল মামুন উল ইসলাম জানান, আটক ব্যক্তিদের মধ্যে আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের কয়েকজন পদধারী রয়েছেন। পুলিশের প্রাথমিক জিজ্ঞাসাবাদে তারা জানিয়েছেন, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন পালনের কর্মসূচি প্রণয়নের জন্য তারা সেখানে একত্রিত হয়েছিলেন। ওসি আরও জানান, বেলা ১২টার পর তারা ওই স্থানে জড়ো হন বলে প্রাথমিকভাবে জানা গেছে। আটক ব্যক্তিদের মোবাইল ফোনের তথ্য যাচাই ও ট্র্যাকিং করা হচ্ছে। তাদের মাধ্যমে নগরীতে কোনো ধরনের নাশকতার পরিকল্পনা ছিল কি না, তা খতিয়ে দেখা হচ্ছে বলে জানান তিনি। উপ-পুলিশ কমিশনার সুশান্ত সরকার বলেন, "ভবনটিতে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীরা অবস্থান নেয়। সেখানে নাশকতামূলক কর্মকাণ্ড করার জন্য বৈঠক শুরু করেন তারা। "গোপন খবর পেয়ে কোতোয়ালি মডেল থানা ও গোয়েন্দা পুলিশ ভবনটি ঘেরাও করে। পরে সেখান থেকে ১২ জনকে আটক করা হয়। পরে তাদের কোতোয়ালি মডেল থানায় সোপর্দ করা হয়।"

## জাসদ কার্যালয়ের সামনে জড়ো হওয়া ২৮০-৩০০ জনকে যাচাই করা হচ্ছে

**কীর্তনখোলা ডেস্ক**

রাজধানীর জাসদ কার্যালয়ের জড়ো হওয়া আনুমানিক ২৮০ থেকে ৩০০ জনকে থানায় নিয়ে যাচাই-বাছাই করা হচ্ছে বলে জানিয়েছেন মতিঝিল বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মো. হারুন অর রশিদ। শনিবার (২৬ সেপ্টেম্বর) সন্ধ্যায় রাজধানীর জাসদের কেন্দ্রীয় কার্যালয়ের নিচে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। ডিসি হারুন অর রশিদ বলেন, বাংলাদেশ আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের সদস্যরা কোনো উদ্দেশ্যে বা অন্য কোনো অসৎ উদ্দেশ্যে সেখানে জড়ো হয়েছিলেন। এ সংবাদ পেয়ে পুলিশ প্রাথমিক ব্যবস্থা নেয়। এ সময় স্থানীয় ছাত্র-জনতাও পুলিশকে সহায়তা করেছে। তিনি বলেন, তারা কী উদ্দেশ্যে সেখানে জড়ো হয়েছিলেন, তাদের কাছে কী তথ্য ছিল এবং তারা কী ধরনের কর্মকাণ্ড করেছেন, সেগুলো যাচাই-বাছাই করা হচ্ছে। ইতোমধ্যে তারা সেখানে 'জয় বাংলা' স্লোগান দিয়েছেন ২ এর পাতায় দেখুন

# ঢাকা-বরিশাল-পটুয়াখালী মহাসড়কের ২৯ কিমিতে মরনফাঁদ

**কীর্তনখোলা রিপোর্ট**

বরিশাল নগরের দপদপিয়া সেতুর মাঝামাঝি পৌঁছালে শুরু হয় খানাখন্দ। একটি সেতুর ওপর যে বড় বড় গর্ত হয়েছে, স্থানীয়দের ভাষায়, 'এটা নজিরবিহীন।' তবে শুধু সেতুতে নয়, সেতুর পর থেকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) জিরো পয়েন্ট পর্যন্ত রয়েছে এমন বড় বড় গর্ত। এতে বাড়ছে দুর্ঘটনা। গত ৯ আগস্ট বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী সড়ক দুর্ঘটনায় নিহত হওয়ার পর এই সড়ক সংস্কার নিয়ে আবারও আলোচনা শুরু হয়েছে। এই দুর্ঘটনার পর সড়ক ও জনপথ (সওজ) অধিদপ্তর সংস্কারের লিখিত প্রতিশ্রুতি দিলেও এখনো কোনো উদ্যোগ দৃশ্যমান হয়নি। বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল শাখা সূত্র জানায়, গত ৯ আগস্ট দপদপিয়া সেতু এলাকায় সড়ক দুর্ঘটনায় ববি শিক্ষার্থী ইয়াসিন আরাফাত নিহত হন। তখন সড়ক সংস্কারের দাবিতে শিক্ষার্থীরা ২ এর পাতায় দেখুন

## একাদশে ভর্তির দ্বিতীয় ধাপে আবেদন শুরু আজ

**কীর্তনখোলা ডেস্ক**

২০২৬-২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য দ্বিতীয় ধাপে অনলাইনে আবেদন শুরু হচ্ছে আজ রোববার (২৭ সেপ্টেম্বর)। এ আবেদনপ্রক্রিয়া চলবে ২৮ সেপ্টেম্বর রাত ৮টা পর্যন্ত। দ্বিতীয় ধাপে অনলাইনে ভর্তি আবেদনের সুযোগ পাচ্ছেন তিন ক্যাটাগরির শিক্ষার্থীরা। শনিবার (২৬ সেপ্টেম্বর) বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি সূত্র এ তথ্য জানিয়েছে। বোর্ডের ভর্তি সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, ২০২৬-২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে পুনরায় দ্বিতীয় ধাপে আবেদন গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইটের প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও ২ এর পাতায় দেখুন

# নদী ভাঙনরোধে সর্বোচ্চ সুরক্ষা দেওয়া হবে: জহির উদ্দিন স্বপন

**কীর্তনখোলা রিপোর্ট**

নদী ভাঙনরোধে মিয়ারচরবাসীকে সরকারের পক্ষ থেকে সর্বোচ্চ সুরক্ষা দেওয়া হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এম জহির উদ্দিন স্বপন। শনিবার (২৬ সেপ্টেম্বর) সকাল ১০টায় স্পিডবোটযোগে তিনি বরিশালের গৌরনদী উপজেলার আড়িয়াল খাঁ নদীর তীরবর্তী মিয়ারচর নদী ভাঙনকবলিত এলাকা পরিদর্শন শেষে এ কথা বলেন। পরে বেলা ১১টার দিকে মিয়ারচর লঞ্চঘাট এলাকায় নদী তীর প্রতিরক্ষা কাজের উদ্বোধন করেন। জহির উদ্দিন স্বপন বলেন, 'নদী ভাঙনরোধে মিয়ারচরবাসীকে সরকারের পক্ষ থেকে সর্বোচ্চ সুরক্ষা দেওয়া হবে।' একইদিন জহির উদ্দিন স্বপন এমপি পালরদী নদীর বোরাদী গরঙ্গল, মোল্লারখাল, মাহিলাড়া ইউনিয়নের দক্ষিণ বিল্বগ্রামসহ ভাঙনকবলিত এলাকা পরিদর্শন করে সরকারের পক্ষ থেকে ২ এর পাতায় দেখুন

## কাটছে নিম্নচাপের প্রভাব, বাড়তে পারে তাপমাত্রা

**কীর্তনখোলা ডেস্ক**

দেশের ওপর থেকে ধীরে ধীরে কাটতে শুরু করেছে স্থল নিম্নচাপের প্রভাব। এর ফলে আগামী তিন দিন সারা দেশে বৃষ্টি কম হতে পারে, যার প্রভাবে কিছুটা বাড়তে পারে দিন ও রাতের তাপমাত্রা। তবে মাসের শেষভাগে উপকূলীয় ও পূর্বাঞ্চলীয় বিভাগে আবার বৃষ্টিপাতের বেগ বাড়তে পারে বলে জানিয়েছে আবহাওয়া অফিস। শনিবার (২৬ সেপ্টেম্বর) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিকের দেওয়া পূর্বাভাসে এ তথ্য জানানো হয়। আবহাওয়া অধিদপ্তর জানায়, রবিবার সকাল ৯টার মধ্যে রংপুর, রাজশাহী, ঢাকা ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় এবং বরিশাল, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের ২ এর পাতায় দেখুন

*সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত......*

**হ্যালো ৯৯৯**

## সাহিত্য-সংস্কৃতির আড়ালে আওয়ামী চর্চা

বরিশাল বেশ কিছুদিন ধরেই সাহিত্য-সংস্কৃতির লেবাসে নিষিদ্ধ আওয়ামী লীগের কর্মকাণ্ড চালিয়ে আসছে একটি মহল। তারা সাংস্কৃতিক অনুষ্ঠানের দোহাই দিয়ে বর্তমান ক্ষমতাসীন ও বিরোধী দলীয় নেতাদের ব্যবহার করে তাদের কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে। বিগত সময়ে যারা তাদের বিভিন্ন লেখা ও কর্মকাণ্ডের মাধ্যমে আওয়ামীলীগ তথা পতিত হাসিনার হাতকে শক্তিশালী করতো তারা এখন সাহিত্য-সাংস্কৃতিক কর্মকাণ্ডের মাধ্যমে আবারো সুসংগঠিত হচ্ছে বলে জানা যাচ্ছে।

বিগত ফ্যাসিস্ট সরকারের সময়ে পাতানো নির্বাচনের সময়ে বরিশাল সাংস্কৃতিক সমন্বয় পরিষদের ব্যানারে যারা সরাসরি নৌকার মিছিলে অংশ নিয়েছিলো তারা এখন কৌশলে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে ক্ষমতাসিন নেতাদেরও সেই অনুষ্ঠানে অতিথি করা চেষ্টা করছে।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের এক কর্মকর্তা- যিনি বিগত ফ্যাসিবাদি আমলে বঙ্গবন্ধু গবেষণা পরিষদের নেতা ছিলেন, তার নেতৃত্বে এখন প্রকাশ্যে চলছে আওয়ামীধারার সাহিত্য-সাংস্কৃতিক কার্যক্রম। এ সকল ব্যক্তি ও সংগঠকবৃন্দ বরিশালের ২ এর পাতায় দেখুন

## বরিশালে সাড়ে ৪ কেজি গাঁজাসহ যুবক গ্রেফতার

**কীর্তনখোলা রিপোর্ট**

বরিশাল নগরীতে অভিযান চালিয়ে সাড়ে চার কেজি গাঁজাসহ মো. মানিক মিয়া (৩৩) নামের এক যুবককে গ্রেফতার করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। শনিবার নগরীর ঢাকা-বরিশাল মহাসড়কের চৌমাথা মাছবাজারের সামনের পাকা সড়ক থেকে তাঁকে গ্রেফতার করা হয়। গ্রেফতার মানিক মিয়া ঢাকার দক্ষিণখান থানার কাওলা এলাকার মো. বেলাল হোসেনের ছেলে। তবে তিনি টাঙ্গাইলের ধনবাড়ী উপজেলার বালাসুতি এলাকার বাসিন্দা। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক মো. জয়নুল আবেদীন জানান, গোপন সংবাদের ভিত্তিতে চৌমাথা এলাকায় অভিযান চালানো হয়। পরে মানিক মিয়ার কাছ থেকে সাড়ে ২ এর পাতায় দেখুন

# চুরির অভিযোগে খুঁটিতে বাঁধা অনাহারী বাবা, রুটি-চা নিয়ে ছুটে এল শিশুকন্যা

**উজিরপুর প্রতিনিধি**

বাবা বাঁধা বাজারের একটি খুঁটির সঙ্গে। চারপাশে মানুষের ভিড়। সেই ভিড় ঠেলে বাবার কাছে ছুটে এল ছোট্ট মেয়েটি। সারা রাত না খেয়ে থাকা বাবার জন্য বাজারের দোকান থেকে কিনে আনল রুটি আর চা। এরপর নিজের হাতে বাবার মুখে তুলে দিল খাবার। বাবা-মেয়ের এই দৃশ্য ছুঁয়ে যায় উপস্থিত সবার হৃদয়। পরে সেই মুহূর্তের ভিডিও ছড়িয়ে পড়ে সামাজিক যোগাযোগমাধ্যমে। স্থানীয় সূত্রে জানা যায়, বরিশালের উজিরপুর উপজেলার বামরাইল বাজারে শুক্রবার রাতে একটি দোকানে চুরির চেষ্টার অভিযোগে অনিক সরদার নামের এক যুবককে আটক করেন স্থানীয় বাসিন্দারা। পরে তাঁকে বাজারের একটি খুঁটির সঙ্গে বেঁধে রাখা হয়। খবর পেয়ে শনিবার সকালে বাবাকে দেখতে ঘটনাস্থলে ছুটে আসে মেয়েটি। বাবাকে খুঁটির সঙ্গে বাঁধা অবস্থায় দেখে সে বাজারের একটি দোকান থেকে রুটি ও চা কিনে আনে। পরে নিজের হাতে বাবাকে খাবার খাওয়ায়। ঘটনাটি দেখে স্থানীয় এক যুবক মোবাইল ফোনে ভিডিও ধারণ করেন। পরে ভিডিওটি সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ করা হলে তা ছড়িয়ে পড়ে। ভিডিওতে ২ এর পাতায় দেখুন




## চিকিৎসার জন্য ঢাকায় যাওয়ার পথে সড়ক দুর্ঘটনায় বাবা-ছেলের মৃত্যু

**মির্জাগঞ্জ প্রতিনিধি**

ছেলের চিকিৎসা ও গার্মেন্টসের দোকানের মালামাল আনার জন্য ঢাকায় যাওয়ার পথে সড়ক দুর্ঘটনায় বাবা ও ছেলের মৃত্যু হয়েছে। শুক্রবার বিকেলে মাদারীপুর জেলার শিবপুর উপজেলার বাখরেকান্দি পুনর্বাসন কেন্দ্রসংলগ্ন মাদবরের কান্দি বাসস্ট্যান্ড এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত আবু জাফর মৃধা (৫৫) ও ছেলে অনিক মৃধার (১৪) গ্রামের বাড়ি পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলার কাঁকড়াবুনিয়া ইউনিয়নে। জাফর মৃধা একজন ব্যবসায়ী। উপজেলা সদর সুবিদখালী নান্নু শপিং কমপ্লেক্সে তার একটি গার্মেন্টসের দোকান আছে এবং অনিক মৃধা মির্জাগঞ্জ আইডিয়াল স্কুলের নবম শ্রেণীর শিক্ষার্থী ছিল। বিষয়টি নিশ্চিত করেছেন মাদারীপুর জেলার শিবপুর হাইওয়ে থানার ওসি মো. শাকিল আহম্মেদ। তিনি আমার দেশকে বলেন, ঢাকা-খুলনা হাইওয়ে সড়কের পাশে পালকি পরিবহনের একটি বাসের চাকা পাংচার হয়ে যায়। এ সময় বাসটির চালক ও হেলপার চাকা মেরামতের কাজ করছিলেন। এরই মধ্যে বরগুনা থেকে ঢাকাগামী হানিফ পরিবহনের একটি দ্রুতগতির বাস নিয়ন্ত্রণ হারিয়ে থামানো বাসটিকে পেছন থেকে ধাক্কা দেয়। ২ এর পাতায় দেখুন


দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

**প্রতিনিধি আবশ্যক**

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলাঃ** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলাঃ** পটুয়াখালী, **ভোলা জেলাঃ** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলাঃ** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলাঃ** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

# সম্পাদকীয়

## প্রত্যাবাসন নিশ্চিত করুন

দিন দিন জটিল হচ্ছে রোহিঙ্গা সংকট। সময় যত যাচ্ছে, ততই এই সংকটের ডালপালা বিস্তার করছে। কক্সবাজারের মতো ছোট্ট একটি জেলায় বছরের বছর ধরে অতিরিক্ত লাখ লাখ লোকের ভার বহন করা কম কথা নয়। পরিবেশ বিপর্যয়ের পাশাপাশি সাম্প্রতিক সময়ে রোহিঙ্গাদের ঘিরে যেসব খবর আসছে তা অত্যন্ত উদ্বেগের। মাদক, খুনখারাবিসহ হেন কোনো অপরাধ নেই, সেখানে হচ্ছে না। এমনকি বেশ কয়েকটি চক্র সন্ত্রাসী কর্মকাণ্ডে লিপ্ত রয়েছে। এমন প্রেক্ষাপটে প্রধানমন্ত্রী তারেক রহমান যুক্তরাষ্ট্র সফরে রোহিঙ্গা সংকট সমাধানে পাঁচ দফা প্রস্তাব তুলে ধরেছেন, যা সময়োপযোগী বলে মনে করছে পর্যবেক্ষক মহল। খবরে বলা হয়, গত বুধবার নিউইয়র্কে জাতিসংঘের সদর দপ্তরে রোহিঙ্গা সংকট বিষয়ক উচ্চ পর্যায়ের পার্শ্ববৈঠক অনুষ্ঠিত হয়। সেখানে প্রধানমন্ত্রী তারেক রহমান রোহিঙ্গাদের দ্রুত, নিরাপদ, স্বেচ্ছামূলক, মর্যাদাপূর্ণ ও টেকসই প্রত্যাবাসন নিশ্চিত করতে আন্তর্জাতিক ও আঞ্চলিক অংশীজনদের একটি সুস্পষ্ট ও বিশ্বাসযোগ্য রোডম্যাপ প্রণয়নের আহ্বান জানান। পাশাপাশি তিনি রোহিঙ্গাদের নিজভূমিতে মৌলিক অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করা, সহিংসতা বন্ধ, পর্যাপ্ত ও পূর্বানুমেয় মানবিক সহায়তা অব্যাহত রাখা, ন্যায়বিচার ও জবাবদিহি নিশ্চিত করা এবং আন্ত সীমান্ত অপরাধ মোকাবেলায় আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগিতা জোরদারের জন্য পাঁচ দফা প্রস্তাব তুলে ধরেন। জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে প্রধানমন্ত্রী যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন। গুরুত্বপূর্ণ এ সফরে তিনি বিশ্বদরবারের সামনে রোহিঙ্গা সংকটের বিভিন্ন দিক তুলে ধরেন। বুধবারের বৈঠকে শীর্ষস্থানীয় জনহিতকর ও মানবিক সহায়তা সংস্থার প্রতিনিধিরা অংশ নেন। এর মধ্যে গেটস ফাউন্ডেশন, ভিসা ফাউন্ডেশন, রকফেলার ফাউন্ডেশন, ইন্টারন্যাশনাল রেসকিউ কমিটি (আইআরসি), রোটারি ইন্টারন্যাশনালসহ কয়েকটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের প্রতিনিধিরা ছিলেন। সেখানে প্রধানমন্ত্রী বলেন, ‘দীর্ঘস্থায়ী অনিশ্চয়তা ও হতাশা নতুন নতুন চ্যালেঞ্জ ও নিরাপত্তাঝুঁকি তৈরি করছে। এর মধ্যে রয়েছে মানবপাচার, অবৈধভাবে অভিবাসী পাচার, মাদকপাচার এবং অন্যান্য আন্তর্দেশীয় অপরাধ। কেউ কেউ জীবনের ঝুঁকি নিয়ে নৌকায় করে মালয়েশিয়ার উদ্দেশে পাড়ি দিচ্ছেন।’ জাতিগত সহিংসতার শিকার হয়ে ২০১৭ সালে কয়েক দিনেই প্রায় ১২ লাখ রোহিঙ্গা বাংলাদেশে আশ্রয় নেয়। দীর্ঘ ৯ বছরে সেই সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে প্রায় ১৫ লাখে। এই সময়ের মধ্যে একজন রোহিঙ্গাকেও নিজ দেশে ফেরানো যায়নি। অথচ রোহিঙ্গা প্রত্যাবাসনে নানা সময় তোড়জোড় দেখা গেছে। এর আগে জাতিসংঘ মানবাধিকার পরিষদ রোহিঙ্গাদের প্রত্যাবাসনসংক্রান্ত প্রস্তাব গ্রহণ করে এবং সেই প্রস্তাব জেনেভায় পরিষদে ৫৬তম অধিবেশনে সর্বসম্মতিক্রমে প্রস্তাবটি গৃহীত হয়ে। কিন্তু বাস্তবতা হলো বড়ই হতাশাজনক। কার্যত রোহিঙ্গা প্রত্যাবাসনে কোনো ধরনের অগ্রগতি দৃশ্যমান হয়নি। সবচেয়ে লক্ষণীয় বিষয় হলো, এ নিয়ে মিয়ানমার কোনো পদক্ষেপই নিচ্ছে না। অথচ মূল সংকট তাদেরই। প্রধানমন্ত্রী যথার্থই বলেছেন, ‘এই সংকটের উৎপত্তি মিয়ানমারে। এর সমাধানও মিয়ানমারেই নিহিত। দুঃখজনকভাবে রাখাইন রাজ্যের অভ্যন্তরীণ পরিস্থিতি এখনো গভীরভাবে উদ্বেগজনক।’ আমরা মনে করি, প্রত্যাবাসনের উপযুক্ত পরিবেশ তৈরি করতে মিয়ানমারের ওপর আরো আন্তর্জাতিক চাপ সৃষ্টি করা প্রয়োজন। কেননা প্রত্যাবাসন ছাড়া এই সংকট সমাধানের আর কোনো বিকল্প পথ নেই। এ পরিস্থিতিতে প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রস্তাবগুলো আন্তর্জাতিক মহলে গৃহীত হোক এবং সেই অনুযায়ী বাস্তবায়ন হোক–এটাই কাম্য।

## একাদশে ভর্তির দ্বিতীয়

অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন পাঁচটি এবং সর্বোচ্চ দশটি কলেজে আবেদন করতে হবে। যেসব শিক্ষার্থী প্রথম ধাপে আবেদন করেও কলেজ সিলেকশন পায়নি দ্বিতীয় ধাপে আবেদনের ক্ষেত্রে শুধুমাত্র তাদের অনলাইন আবেদন ফি ২২০ টাকা জমা দিতে হবে না। এ ধরনের শিক্ষার্থীদের ভর্তি ওয়েবসাইটে লগইন করে কলেজ সিলেকশন/এডিট সম্পন্ন করতে হবে। দ্বিতীয় ধাপে আবেদনের সময় কোটা নির্ধারণের ক্ষেত্রে কোটার যোগ্যতা বুঝে আবেদন করা এবং ফল প্রকাশের পর নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন ফি জমা দেয়ার জন্য অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অনুরোধ করা যাচ্ছে। বিজ্ঞপ্তি অনুযায়ী, দ্বিতীয় ধাপে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ করা হবে ১ অক্টোবর রাত ৮টায়। নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ৩ অক্টোবর রাত ৮টা পর্যন্ত নির্বাচন নিশ্চায়ন করা যাবে। কোনো শিক্ষার্থী এ সময়ের মধ্যে নিশ্চায়ন না করলে তার নির্বাচন ও আবেদন বাতিল হবে। এছাড়া পছন্দক্রম অনুযায়ী দ্বিতীয় মাইগ্রেশনের ফল প্রকাশ করা হবে ৪ অক্টোবর রাত ৮টায়। দ্বিতীয় ধাপে নির্বাচিত শিক্ষার্থীদের কলেজে ভর্তি কার্যক্রম চলবে ৫ থেকে ৭ অক্টোবর পর্যন্ত।

## নদী ভাঙনরোধে সর্বোচ্চ সুরক্ষা

ভাঙনরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের আশ্বাস প্রদান করেছেন। এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মাদ ইব্রাহীম, বরিশাল পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী জাবেদ ইকবাল, উপজেলা বিএনপির আহ্বায়ক সৈয়দ সরোয়ার আলম বিপ্লব, সদস্য সচিব শরীফ জহির সাজ্জাদ হান্নান, সিনিয়র যুগ্ম আহ্বায়ক বদিউজ্জামান মিন্টু, পৌর বিএনপির আহ্বায়ক জাকির হোসেন শরীফ, সদস্য সচিব সফিকুর রহমান শরীফ স্বপনসহ স্থানীয় বিএনপির নেতৃবৃন্দরা। উল্লেখ্য, গত কয়েকদিন আগে গৌরনদী উপজেলার আড়িয়াল খাঁর তীরবর্তী মিয়ারচরে নদী ভাঙন নিয়ে বিভিন্ন স্থানীয় ও জাতীয় দৈনিক ও ইলেকট্রিক মিডিয়ায় সংবাদ প্রকাশিত হয়।

## কাটছে নিম্নচাপের প্রভাব

বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারা দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে এবং সারা দেশে দিন এবং রাতে তাপমাত্রা সামান্য বাড়তে পারে। রোববার (২৭ সেপ্টেম্বর) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু’এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে এবং সারা দেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। সোমবার (২৮ সেপ্টেম্বর) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু’এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে এবং সারা দেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় চট্টগ্রাম, বরিশাল ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং খুলনা ও ঢাকা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। একই সঙ্গে সারা দেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা সামন্য কমতে পারে। বুধবার (৩০ সেপ্টেম্বর) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় চট্টগ্রাম, বরিশাল ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। একই সঙ্গে চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে এবং সারা দেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে।

## সাহিত্য-সংস্কৃতির আড়ালে

কয়েকটি স্পটে নিজেদের আস্তানা করে নিয়েছেন। এর মধ্যে নগরীর নতুন বাজার এলাকার একটি ‘বুক ক্যাফে’ ও কাউনিয়ার একটি ‘ফাউন্ডেশন’ অন্যতম। তারা নিয়মিত নিষিদ্ধঘোষিত আওয়ামীলীগ নেতাদের সাথে যোগাযোগ রক্ষা করে চলেন। তারা অত্যন্ত সুচতুরতার সাথে তাদের কর্মকাণ্ড নির্বিঘ্নে চালিয়ে যাচ্ছেন। এখনই এদের থামানো না গেলে বড়ো ধরনের অঘটনের আশঙ্কা রয়েছে। প্রশাসনের কর্তা ব্যক্তিগণও সাংস্কৃতিক ব্যক্তিত্ব হিসেবে তাদের সমঝে চলেন বলে মনে করা হচ্ছে। আর প্রশসনের মধ্যে তো আওয়ামী প্রেতাত্মারা রয়েই গেছে।

## বরিশালে সাড়ে ৪ কেজি

৪ কেজি গাঁজা উদ্ধার করা হয়। গ্রেফতার মানিক মিয়ার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে বরিশাল কোতোয়ালি মডেল থানায় একটি নিয়মিত মামলা করা হয়েছে।

## মহাসড়কের ২৯ কিমিতে মরনফাঁদ

আন্দোলন করলে সওজ নির্বাহী প্রকৌশলী নাজমুল ইসলাম সড়কটি সংস্কারে লিখিতভাবে প্রতিশ্রুতি দেন। তবে শিক্ষার্থীদের অভিযোগ, তাঁরা আন্দোলনের পর একবার গর্ত সংস্কার করা হলেও এরপর আবার খানাখন্দ হয়েছে। দপদপিয়া সেতু থেকে ববিসংলগ্ন ভোলা রোড পর্যন্ত সড়কের বিভিন্ন স্থানে অসংখ্য গর্ত রয়ে গেছে। বিশেষ করে সেতুর ওপর বড় গর্ত থাকায় যান চলাচলে ঝুঁকি তৈরি হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের সামনের ঢাকা-বরিশাল-পটুয়াখালী মহাসড়ক ও দপদপিয়া সেতু সংস্কার শুরু না হওয়ায় ২২ সেপ্টেম্বর সওজের নির্বাহী প্রকৌশলী নাজমুল ইসলামের কার্যালয়ে যান শিক্ষার্থীরা। এ সময় তোপের মুখে পড়েন ওই প্রকৌশলী। শিক্ষার্থীদের একটি প্রতিনিধিদল সওজ কার্যালয়ে গিয়ে লিখিত প্রতিশ্রুতি অনুযায়ী কাজ শুরু না হওয়ার কারণ জানতে চায়। এ সময় সেখানে ছাত্রদের মধ্যে উত্তেজনা দেখা দেয়। ববি শিক্ষার্থী মেহেদী হাসান সোহাগ বলেন, সড়কের গর্তে প্রতিদিন দুর্ঘটনা ঘটছে। দ্রুত সংস্কারসহ ফুটপাত আরসিসি ঢালাই চান তাঁরা। খোঁজ নিয়ে জানা গেছে, শুধু দপদপিয়া সেতু এবং বরিশাল বিশ্ববিদালয়ের সম্মুখভাগ থেকে চরকাউয়ার জিরো পয়েন্ট পর্যন্ত ৫ কিলোমিটার সড়ক ভাঙাচোরা নয়। বরিশাল-ঢাকা মহাসড়কের মাদারীপুরের ভুরঘাটা থেকে পটুয়াখালীর লেবুখালী পর্যন্ত ৪৮ কিলোমিটারের মধ্যে ২৪ কিলোমিটারের অবস্থাই বেহাল। এ ছাড়া নগরের গড়িয়ারপাড় থেকে টোল প্লাজা পর্যন্ত নগরের মধ্য থেকে যাওয়া ১২ কিলোমিটার সড়ক দীর্ঘদিন সংস্কার না হওয়ায় জনদুর্ভোগ বাড়ছে। এমন ভাঙাচোরা গর্ত রয়েছে গৌরনদী থেকে কাশেমাবাদ পর্যন্ত ১২ কিলোমিটার মহাসড়কের। গৌরনদী বাসস্ট্যান্ড ও বন্দর সড়কের বেশ কয়েকটি অংশে খানাখন্দসহ ছোট-বড় গর্তের সৃষ্টি হয়ে বৃষ্টির পানি জমে যানবাহন ও জনসাধারণের চলাচলে অযোগ্য হয়ে পড়েছে। প্রতিনিয়ত খানাখন্দের অংশে দুর্ঘটনা লেগেই থাকে। ফলে জনসাধারণের চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে। অথচ গৌরনদী বাসস্ট্যান্ড ও বন্দরের মধ্যবর্তী এ সড়ক দিয়ে প্রতিনিয়ত উপজেলাবাসীকে যাতায়াত করতে হচ্ছে। বরিশাল জনস্বার্থ রক্ষা কমিটির সদস্যসচিব মুনাওয়ারুল ইসলাম অলি বলেন, এমন বেহাল সেতু আর কোথাও নেই। নগরের সিঅ্যান্ডবি মহাসড়কও ভাঙাচোরা। এত দিন কেন সড়ক মেরামত হয়নি, তার জবাব দিতে হবে সওজকে। সওজ দাবি করেছে, বৃষ্টি কমার পর মহাসড়ক সংস্কার শুরু করলে আগামী ঈদুল আজহার আগেই ২৯ কিলোমিটার কাজ শেষ হবে। এ ব্যাপারে বরিশাল সওজের নির্বাহী প্রকৌশলী মো. নাজমুল ইসলাম বলেন, বরিশাল-ঢাকা মহাসড়কের ভুরঘাটা থেকে লেবুখালীর ৪৮ কিলোমিটারের মধ্যে ২৪ কিলোমিটারের অবস্থা খারাপ। এই সড়ক সংস্কারে ওয়ার্ক অর্ডার হয়েছে। এ ছাড়া বিশ্ববিদ্যালয় থেকে চরকাউয়ার জিরো পয়েন্ট পর্যন্ত ৫ কিলোমিটার সংস্কারকাজের জন্য টেন্ডার সম্পন্ন হয়েছে। এই মোট ২৯ কিলোমিটার সড়কের কাজ বর্ষা গেলে শুরু হবে। সড়কের বেহাল অবস্থা প্রসঙ্গে নাজমুল বলেন, গত অর্থবছরে এই মহাসড়ক মেরামত ঠিকাদার দিয়ে বড় পরিসরে করা হয়নি। তাঁরা বিভাগীয় ভাবে মাঝেমধ্যে ছোটখাটো মেরামত করেছেন।

## জাসদ কার্যালয়ের সামনে জড়ো

মর্মে পুলিশের কাছে কিছু তথ্য রয়েছে। এ ছাড়া তারা আরও কোনো কর্মকাণ্ড করেছেন কিনা এবং কেন সেখানে একত্রিত হয়েছিলেন, সেসব বিষয়ও যাচাই করা হবে। ডিসি হারুন জানান, প্রাথমিকভাবে সেখানে জড়ো হওয়া মানুষের সংখ্যা আনুমানিক ২৮০ থেকে ৩০০ জনের কাছাকাছি। সংশ্লিষ্ট কর্মকর্তারা প্রক্রিয়ার সঙ্গে যুক্ত থাকায় তিনি সঠিক সংখ্যা বলতে পারছেন না। তিনি আরও বলেন, তাদের নিরাপত্তার স্বার্থে এবং পুরো ঘটনাটি যাচাই-বাছাই করার স্বার্থে আমরা তাদের থানায় নিয়ে যাচ্ছি। যাচাই-বাছাই করে যার যার সম্পৃক্ততা পাওয়া যাবে, তাদের নামে মামলা হবে বা আইনানুগ প্রক্রিয়া গ্রহণ করা হবে। যাদের সম্পৃক্ততা পাওয়া যাবে না, তাদের ক্ষেত্রে অন্য যে প্রক্রিয়া আছে, সে প্রক্রিয়া নেওয়া হবে। সাংবাদিক বা অন্য কোনো পেশার মানুষ সেখানে আটক হয়েছেন কিনা জানতে চাইলে ডিসি হারুন বলেন, সেখানে সাংবাদিকসহ অন্য কোনো পেশার মানুষ আছেন কিনা, পুরো বিষয়টি যাচাই-বাছাই করে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে। তাদের সেখানে জড়ো হওয়ার কোনো অনুমতি ছিল কিনা জানতে চাইলে তিনি বলেন, বিষয়টি প্রাথমিকভাবে যাচাই করা হচ্ছে। ঘটনাটি পল্টন থানার আওতাধীন হওয়ায় তদন্তের সুবিধার্থে প্রয়োজন হলে তাদের আশপাশের কোনো থানায় রাখা হতে পারে।

## দ্বিতীয় দফায় দেশব্যাপী

টিকার আওতায় আনতে দ্বিতীয় দফার বিশেষ টিকাদান কর্মসূচি শুরু করেছে সরকার। টিকাদানের এ ক্যাম্পেইন চলবে ৩১ অক্টোবর পর্যন্ত। শনিবার (২৬ সেপ্টেম্বর) সকালে রাজধানীর বনানীর কড়াইল বস্তির টিএনটি খেলার মাঠে কর্মসূচির উদ্বোধন করেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী বলেন, ২০২০ সালের পর নিয়মিত চার বছর পরপর পরিচালিত হওয়ার কথা থাকলেও এমআর টিকাদান কর্মসূচি বন্ধ ছিল। এর ফলে বিপুলসংখ্যক শিশু টিকার সুরক্ষা থেকে বঞ্চিত হয়েছে। ভাগ্যক্রমে কিংবা দুর্ভাগ্যবশত, আমরা দায়িত্ব নেওয়ার পর ওই চার বছরের খেসারত আমাদের ওপর এসে পড়েছে। আমাদের জাতিকে, আমাদের মায়েদের অনেক কষ্ট পেতে হয়েছে, অনেক মায়ের বুক খালি হয়ে গেছে। এ জন্য আমি সত্যিই ব্যথিত। বিভিন্ন মহামারিতে চিকিৎসকদের অবদানের কথা তুলে ধরে মন্ত্রী বলেন, দেশের চিকিৎসকেরা সব সংকট ও জরুরি পরিস্থিতিতে অত্যন্ত নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। আমরা আমাদের ডাক্তারদের কাছে ঋণী। করোনাকালে বিশ্বের অনেক উন্নত দেশ ও প্রতিবেশী দেশের তুলনায় আমাদের চিকিৎসকদের অক্লান্ত পরিশ্রম এবং শতাধিক চিকিৎসকের আত্মত্যাগের কারণে বাংলাদেশে মৃত্যুহার তুলনামূলক কম ছিল। এটি আমাদের নিজস্ব চিকিৎসকদের অবদান ও প্রচেষ্টার ফল। তিনি আরও বলেন, পুষ্টিহীনতায় ভোগা শিশুদের ক্ষেত্রে হাম থেকে নিউমোনিয়ায় জটিলতা তৈরি হয়ে মৃত্যুঝুঁকি বেড়ে যায়। এ পরিস্থিতি মোকাবিলায় দেশীয় চিকিৎসকদের উদ্ভাবন ও সেবারও প্রশংসা করেন তিনি। গণমাধ্যমের প্রতি আহ্বান জানিয়ে সরদার সাখাওয়াত হোসেন বলেন, সংক্রামক রোগ প্রতিরোধে জনসচেতনতা গড়ে তোলা সরকারের একার পক্ষে সম্ভব নয়। হাম ও অন্যান্য মহামারির বিরুদ্ধে লড়াইয়ে সমাজের সব পক্ষকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, চলতি বছরের এপ্রিলে ৬ থেকে ৫৯ মাস বয়সী শিশুদের জন্য বিশেষ এমআর টিকাদান কর্মসূচিতে প্রায় ১ কোটি ৮০ লাখ শিশুকে টিকা দেওয়া হয়। তবে ২৮ জুনের জাতীয় ভিটামিন ‘এ’ ক্যাম্পেইনে একই বয়সী ২ কোটি ২৩ লাখ শিশু অংশ নেওয়ায় প্রায় ৪৩ লাখ শিশু টিকার বাইরে থাকার বিষয়টি শনাক্ত হয়। তাদের অন্তর্ভুক্ত করতেই দ্বিতীয় দফার এই কর্মসূচি নেওয়া হয়েছে।

## আল্লাহর ওপর ভরসাই আমার

নাসীরুদ্দীন পাটওয়ারী। তিনি বলেছেন, অনেক সময় যখন চারপাশের মানুষ প্রশ্ন করেছে, যখন সত্যকে মিথ্যার আড়ালে ঢেকে দেওয়ার চেষ্টা হয়েছে, তখন আমি শুধু আল্লাহর কাছে দোয়া করেছি। শনিবার (২৬ সেপ্টেম্বর) নিজের ভেরিফায়েড ফেসবুক আইডিতে দেওয়া এক পোস্টে পাটওয়ারী এসব কথা লেখেন। পোস্টে তিনি লেখেন, সন্ত্রাস, চাঁদাবাজি, দখলদারত্ব ও অন্যায়ের বিরুদ্ধে আমার লড়াইটা আজকের নয়। অনেকটা পথ আমি প্রায় একাই হেঁটেছি। এই পথ আমাকে অনেক কিছু দিয়েছে-হামলা, অপমান, লাঞ্ছনা, বঞ্চনা, কুরুচিপূর্ণ গালাগালি, মিথ্যা অপবাদ। প্রতিবাদ করতে গিয়ে কত জায়গায় হামলার শিকার হয়েছি, তার হিসাবও নেই। আর প্রতিবারই শুনেছি-প্রমাণ কোথায়? তিনি এ পোস্টে আরও লেখেন, মিডিয়ার সামনে কথা বলেছি, আক্রমণের শিকার হয়েছি। আমার বিরুদ্ধে একের পর এক মিছিল হয়েছে, নানা ধরনের অপপ্রচার হয়েছে। এমন অনেক কথা শুনেছি, যা একজন মানুষকে ভেতর থেকে ভেঙে দেওয়ার জন্য যথেষ্ট। কিন্তু আমি ভাঙিনি। কারণ আমার লড়াই কোনো ব্যক্তির বিরুদ্ধে নয়। আমার লড়াই অন্যায়ের বিরুদ্ধে। আমার লড়াই ভয়কে জয় করার জন্য। আমার লড়াই এমন একটি বাংলাদেশের জন্য, যেখানে ক্ষমতার চেয়ে জনগণের অধিকার বড়। নাসীরুদ্দীন পাটওয়ারী লেখেন, অনেক সময় যখন চারপাশের মানুষ প্রশ্ন করেছে, যখন সত্যকে মিথ্যার আড়ালে ঢেকে দেওয়ার চেষ্টা হয়েছে, তখন আমি শুধু আল্লাহর কাছে দোয়া করেছি-হে আল্লাহ, তুমি সত্যকে প্রকাশ করে দাও। মিথ্যাকে দূর করে দাও। যারা জুলুম করে তাদের জুলুমের অবসান ঘটাও। আর আমাকে সত্যের পথে অটল থাকার শক্তি দাও। এনসিপির এই নেতা লেখেন, আজও আমি বিশ্বাস করি, সময় সবকিছুর সাক্ষী রাখে। মানুষ সবকিছু ভুলে গেলেও ইতিহাস ভুলে যায় না। সত্যকে হয়তো কিছুদিন চাপা দেওয়া যায়, কিন্তু চিরদিন নয়। অন্যায় হয়তো কিছুদিন ক্ষমতার ছায়ায় দাঁড়িয়ে থাকতে পারে, কিন্তু চিরস্থায়ী নয়। আমার কোনো প্রতিশোধ চাই না উল্লেখ করে তিনি লেখেন, আমি চাই ন্যায়বিচার। কাউকে ছোট করতে চাই না। আমি চাই মানুষের মর্যাদা ফিরুক। তার সবচেয়ে বড় শক্তি কোনো পদ, ক্ষমতা বা শান-শওকত নয় মন্তব্য করে পাটওয়ারী লেখেন, আমার শক্তি হলো মানুষের আস্থা, সত্যের প্রতি বিশ্বাস এবং আল্লাহর ওপর ভরসা। যারা অন্যায়ের বিরুদ্ধে দাঁড়িয়েছেন, যারা অপমান সহ্য করেও মাথানত করেননি, এই লড়াই তাদের সবার। শেষে তিনি লেখেন, সত্যের পথ কঠিন হতে পারে, কিন্তু শেষ পর্যন্ত সত্যের কাছেই ফিরে আসতে হয়। আল্লাহ সত্যকে প্রতিষ্ঠিত করুন, মিথ্যাকে পরাজিত করুন এবং জুলুমের অবসান ঘটান। আমিন।

## ভেরিফিকেশনের নামে ফ্যাসিবাদী

আমির ও বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান। শনিবার নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে এক পোস্টে এ কথা বলে তিনি। সরকারের উদ্দেশে জামায়াত আমির বলেন, ‘প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগে ভুল রাজনীতির খেলা থেকে সরে আসুন। মেধাকে সম্মান দিন।’ সরকারি চাকরিতে প্রবেশ রাজনৈতিক আনুগত্যের বিষয় নয়–মন্তব্য করে শফিকুর রহমান বলেন, একজন নাগরিক হিসেবে চাকরিপ্রার্থীর মেধা ও যোগ্যতাই হওয়া উচিত একমাত্র বিবেচ্য বিষয়। শফিকুর রহমান আরও বলেন, ‘ভেরিফিকেশনের নামে ফ্যাসিবাদী আমলের এই অপকর্ম পরিত্যাগ করুন। ফ্যাসিবাদ আমলের অনুরূপ যেকোনো কূট-তৎপরতা জনগণ সহ্য করবে না।’ বিরোধীদলীয় নেতা বলেন, জনগণকে সঙ্গে নিয়ে প্রতিবাদ ও প্রতিরোধ অব্যাহত থাকবে। মেধাবী যুবসমাজসহ তরুণদের নিজেদের অধিকার আদায়ে আবারও সোচ্চার হতে হবে। ছাড় দিলে বাংলাদেশ মেধাহীন ফ্যাসিবাদের অভয়ারণ্যে পরিণত হবে। ছাড় দেওয়ার কোনো অবকাশ নেই।

## বিরোধীদলের লং মার্চের কৌশল

দেওয়া হলেও বিরোধীরা রাস্তায় নেমেছেন। তবে বাংলাদেশের মানুষ তাদের এই কৌশল বুঝে গেছে। চার বছরের মাথায় আন্দোলনের যুক্তি থাকলেও সাত মাসের মাথায় এ ধরনের তৎপরতা ভিত্তিহীন। শনিবার (২৬ সেপ্টেম্বর) বিকেলে ঢাকার ধোলাইখাল সংলগ্ন সাদেক হোসেন খোকা মাঠে পরিকল্পিত সন্ত্রাসের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার অপচেষ্টার বিরুদ্ধে মুক্তিযুদ্ধ বিষয়ক প্রতিমন্ত্রী ও ঢাকা-৬ আসনের সংসদ সদস্য প্রকৌশলী ইশরাক হোসেনের নেতৃত্বে স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠন আয়োজিত এক বিশাল প্রতিবাদ সভা ও সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, বিগত ১৭ বছরে যারা বাংলাদেশে গুম, গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধ সংঘটিত করেছে, সেই আওয়ামী ফ্যাসিবাদী শক্তিকে আর কোনোদিন বাংলাদেশের মাটিতে রাজনীতি করতে দেওয়া হবে না। তিনি বলেন, ২০২৪-এর ছাত্র-গণঅভ্যুত্থানের পর বাংলাদেশে ফ্যাসিবাদ ও স্বৈরাচারের আর কোনো ঠাঁই নেই। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের মাধ্যমে গণহত্যায় জড়িত প্রত্যেকের বিচার নিশ্চিত করা হবে এবং প্রয়োজনে ট্রাইব্যুনালের সংখ্যা আরও বাড়ানো হবে। সরকারের বিগত সাত মাসের কাজের সাফল্য ও পরিকল্পনার চিত্র তুলে ধরে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বর্তমান সরকার ব্যাপক জনআকাঙ্ক্ষা নিয়ে গঠিত হয়েছে। সরকার যখন রাজনৈতিক শৃঙ্খলা রক্ষা, সাংবিধানিক সংস্কার এবং গণতন্ত্র সুসংহত করার কাজ করছে, তখন একটি রাজনৈতিক গোষ্ঠী সাত মাসের মাথায় সরকার পতনের এক দফা এবং লং মার্চের মতো কর্মসূচির হুংকার দিচ্ছে। তিনি বিরোধী দলকে পরামর্শ দিয়ে বলেন, সংবিধান সংশোধন কমিটিতে অংশগ্রহণের সুযোগ দেওয়া হলেও বিরোধীরা রাস্তায় নেমেছেন। তারা উত্তরের লং মার্চ শেষ করে দক্ষিণে যাচ্ছেন, আবার পূর্বে ও পশ্চিমে যাওয়ার পরিকল্পনা করছেন। তবে বাংলাদেশের মানুষ তাদের এই কৌশল বুঝে গেছে। চার বছরের মাথায় আন্দোলনের যুক্তি থাকলেও সাত মাসের মাথায় এ ধরনের তৎপরতা ভিত্তিহীন। জ্বালানি তেলের মূল্য বৃদ্ধি প্রসঙ্গে মন্ত্রী আন্তর্জাতিক বাজারের বাস্তবচিত্র তুলে ধরে বলেন, সারাবিশ্বে এবং আমাদের পার্শ্ববর্তী দেশে জ্বালানি তেলের দাম বহুগুণ বেড়েছে। আমাদের প্রধানমন্ত্রী তারেক রহমান জনগণের দুর্ভোগ যেন না হয়, সেজন্য প্রথম এক মাস জ্বালানি তেলের দাম এক টাকাও বাড়াননি। তবে সীমান্ত দিয়ে তেলপাচার রোধ এবং আন্তর্জাতিক বাজারের সাথে সামঞ্জস্য রাখতেই সর্বনিম্ন পরিমাণ মূল্য সমন্বয় করতে হয়েছে।

## চুরির অভিযোগে খুঁটিতে বাঁধা অনাহারী

মেয়েটিকে বাবার মুখে রুটি তুলে দিতে দেখা যায়। এ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে নানা ধরনের প্রতিক্রিয়া দেখা গেছে। স্থানীয় বাসিন্দারা বলেন, বাবাকে খুঁটির সঙ্গে বাঁধা দেখে মেয়েটি ছুটে আসে। পরে রুটি ও চা এনে নিজের হাতে বাবাকে খাওয়ায়। দৃশ্যটি দেখে উপস্থিত অনেকেই আবেগাপ্লুত হয়ে পড়েন। চুরির অভিযোগের বিষয়টি আইনগতভাবেই নিষ্পত্তি হওয়া উচিত। তবে বাবার প্রতি মেয়েটির মমতার দৃশ্যটি সত্যিই হৃদয় ছুঁয়ে যাওয়ার মতো। পরবর্তী সময়ে সকাল ৯টার দিকে উজিরপুর থানা-পুলিশ ঘটনাস্থলে পৌঁছানোর আগেই স্থানীয় বাসিন্দা ও বাজার কমিটি অনিক সরদারের কাছ থেকে একটি মুচলেকা রেখে তাঁকে পরিবারের জিম্মায় ছেড়ে দেয়। উজিরপুর থানার পুলিশ পরিদর্শক ফারুক বলেন, ‘চুরির অভিযোগে এক যুবককে স্থানীয় বাসিন্দারা আটকে রেখেছেন–এমন খবর পাওয়ার পর সেখানে পুলিশের একটি টহল দল পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছিল। তবে পুলিশ পৌঁছানোর আগেই স্থানীয় বাসিন্দারা মুচলেকা নিয়ে অভিযুক্ত ব্যক্তিকে ছেড়ে দেন বলে আমরা জানতে পেরেছি।’

## চিকিৎসার জন্য ঢাকায় যাওয়ার পথে

এতে দুই বাসের সামনের ও পেছনের অংশ দুমড়েমুচড়ে যায়। ঘটনাস্থলেই তিনজন নিহত হয়। আরো ১৫ থেকে ২০ জন গুরুতর আহত হয়। মির্জাগঞ্জ থানার ওসি মো. তৌহিদুজ্জামান বলেন, এ বিষয়ে শিবচর হাইওয়ে থানার ওসি মো. শাকিল আহম্মেদের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। তিনি লাশ ময়নাতদন্ত শেষে দ্রুত পরিবারের কাছে হস্তান্তরের কথা বলেছেন।

## ভোলা-ঢাকা নৌপথে সরকারি ফেরি সার্ভিস চালু; কমবে সময় ও ভোগান্তি

**ভোলা প্রতিনিধি**

ভোলা-ঢাকা নৌরুটে আনুষ্ঠানিকভাবে চালু হলো সরকারি ফেরি সার্ভিস। ভোলার ইলিশা থেকে নারায়ণগঞ্জের কাঁচপুর পর্যন্ত সরাসরি চলাচল করবে বিআইডব্লিউটিসির দুটি ফেরি। এতে ভোলা থেকে রাজধানীতে যাতায়াত ও পণ্য পরিবহনে সময় কমার পাশাপাশি ভোগান্তি কমার আশা সংশ্লিষ্টদের। ভোলা থেকে ঢাকায় পণ্য ও যানবাহন পরিবহনে এতদিন প্রধান ভরসা ছিল ভোলা-লক্ষ্মীপুর নৌরুট। এই পথে একটি ট্রাক বা পণ্যবাহী যানকে রাজধানীতে পৌঁছাতে সময় লাগতো প্রায় ১২ থেকে ১৪ ঘণ্টা। ফলে বাড়তো পরিবহন খরচ, ভোগান্তিতে পড়তেন পরিবহন শ্রমিক ও ব্যবসায়ীরা। দীর্ঘদিনের এই ভোগান্তি কমাতে ভোলার ইলিশা থেকে নারায়ণগঞ্জের কাঁচপুর পর্যন্ত চালু হওয়া এ রুটে চলাচল করছে দুটি ফেরি। প্রতিদিন উভয় প্রান্ত থেকে একটি করে ফেরি গন্তব্যের উদ্দেশে ছেড়ে যাবে। এতে সময় লাগবে প্রায় সাত ঘণ্টা। নতুন এই ফেরি সার্ভিসের ফলে সরাসরি এই রুট ব্যবহার করতে পারবেন পরিবহন মালিক ও শ্রমিকরা। এতে সময় প্রায় অর্ধেকে নেমে আসবে বলে আশা সংশ্লিষ্টদের। ভোলায় উৎপাদিত মাছ, কৃষিপণ্যসহ বিভিন্ন পণ্য দ্রুত রাজধানীর বাজারে পৌঁছানো, একইসঙ্গে ঢাকার বিভিন্ন পণ্যও সহজে ভোলায় আনা যাবে। পরিবহন শ্রমিকদের একজন বলেন, ‘এ ফেরি চালু হওয়ার ফলে আমাদের অনেক সুবিধা হয়েছে। আগে ভোলা থেকে ঢাকা যেতে অনেক সময় লাগতো। এখন কিছুটা কম সময় লাগে।’ বিআইডব্লিউটিসি বলছে, নতুন এই নৌপথে যাত্রী ও পণ্য পরিবহন বাড়লে ব্যবসা-বাণিজ্যের পরিধি বাড়ার পাশাপাশি কর্মসংস্থানের সুযোগও তৈরি হবে। অন্যদিকে, ফেরি সার্ভিসের মাধ্যমে বিআইডব্লিউটিসির রাজস্ব আয়ও বাড়তে পারার আশা। ভোলা বিআইডব্লিউটিসি, ইলিশা ফেরিঘাট ব্যবস্থাপক মো. কাওছার আহাম্মেদ খান বলেন, ‘এখন আপাতত ১৪টি ট্রাক, পাশাপাশি ৫ থেকে ৭টি ছোট গাড়ি আমরা পারাপার করছি। যদি আমরা এটা ধরে রাখতে পারি, ড্রাইভারদের সহযোগিতা পাই, সবার সহযোগিতা পেলে, আপনাদের সহযোগিতা পেলে আমরা এটাকে আরও একাধিক ট্রিপে এখানে সম্পন্ন করতে পারবো।’ ভোলা-ঢাকা নৌ-রুট ভোলাবাসীর চাহিদার কথা বিবেচনা রেখে চালু করা হয়েছে। এর মাধ্যমে যাতায়াত ও পণ্য পরিবহন সহজ হবে বলে জানিয়েছেন মন্ত্রী শেখ রবিউল আলম। সড়ক, সেতু ও নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মন্ত্রী শেখ রবিউল আলম বলেন, ‘জনগণের চাহিদা আছে, মানুষের চাহিদা আছে। সেইজন্য এটিকে আমাদের কাছে বিশেষ গুরুত্ব পাবে। আর যে সাড়া আমরা পেয়েছি, তা আমাদেরকে উৎসাহিত করছে। সবচেয়ে বড় কথা হচ্ছে, যাত্রী যেখানে থাকে, মানুষের চাহিদা যেখানে থাকে, সেখানে এমন আছে সরকারি খাত, আগামীতে বেসরকারি খাতও যেতে পারে।’ দীর্ঘদিনের ভোগান্তি শেষে ভোলার সঙ্গে রাজধানীর নতুন ফেরি সার্ভিস চালুর ফলে সরাসরি নৌ যোগাযোগ আরও সহজ হবার পাশাপাশি পণ্য পরিবহন ও আঞ্চলিক অর্থনীতিতে নতুন গতি আসবে- এমনটাই প্রত্যাশা সংশ্লিষ্টদের।

## জেলা প্রশাসকের নেতৃত্বে পিরোজপুরে ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান

**পিরোজপুর প্রতিনিধি**

পিরোজপুর ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযানের অংশ হিসেবে পিরোজপুর জেলা সদর হাসপাতাল, পৌর এলাকাসহ গুরুত্বপূর্ণ সড়কসমূহে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়েছে। শনিবার এ পরিচ্ছন্নতা অভিযানে মাঠ পর্যায় নেতৃত্ব দেন, জেলা প্রশাসক আবু সাঈদ। অভিযানের অংশ হিসেবে পিরোজপুর জেলা সদর হাসপাতালের চারপাশের বিভিন্ন ড্রেন ও নালা পরিষ্কার করা হয়। একই সঙ্গে হাসপাতালের কোয়ার্টার, হাসপাতাল ভবন ও সংলগ্ন বিভিন্ন স্থানে জমে থাকা ময়লা-আবর্জনা অপসারণ এবং পরিষ্কার-পরিচ্ছন্নতার কার্যক্রম পরিচালিত হচ্ছে। এর পাশাপাশি পিরোজপুর পৌর এলাকার ময়লা-আবর্জনা অপসারণ, ড্রেন-নালা পরিষ্কার এবং পরিবেশের বিভিন্ন অব্যবস্থাপনা দূর করার কার্যক্রমও জোরদার করা হয়েছে। এ সময় জেলা প্রশাসক পিরোজপুর জেলা সদর হাসপাতাল থেকে সিও অফিস মোড় পর্যন্ত সড়কের উভয় পাশ সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে সড়কের দুই পাশে থাকা ময়লা-আবর্জনা দ্রুত অপসারণের পাশাপাশি অবৈধ স্থাপনা, ভাসমান দোকানসহ বিভিন্ন ধরনের অব্যবস্থাপনা দ্রুত অপসারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। অভিযানকালে উপস্থিত ছিলেন, সিভিল সার্জন ডা. মতিউর রহমান, পিরোজপুর পৌর প্রশাসক মাহমুদুর রহমান মামুন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো.ইফতেখারুল ইসলাম শামীমসহ বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্য এবং সাংবাদিকরা। ডেঙ্গু প্রতিরোধের পাশাপাশি পরিচ্ছন্ন, স্বাস্থ্যকর, সুন্দর ও নাগরিকবান্ধব পরিবেশ নিশ্চিত করতে জেলা প্রশাসনের নেতৃত্বে এ ধরনের কার্যক্রম আরও জোরদার করা হচ্ছে বলে জানান সংশ্লিষ্ট কতৃপক্ষ।

## হারিয়েছে

আমার দাখিল ও আলিম পরীক্ষার মূল সনদপত্র, নম্বরপত্র, রেজিষ্ট্রেশন কার্ড ও প্রবেশপত্র উঁইপোকায় বিনষ্ট করেছে। দাখিল রোল নং- ২১৬৪৭১, রেজিঃ নং- ১২১৮৭৬৫৮০৪, শিক্ষাবর্ষ- ২০১৩-১৪ ইং, পাসের সন- ২০১৫ এবং আলিম রোল নং- ১৫০০৭৬, রেজিঃ নং- ১২১৮৭৬৫৮০৪, শিক্ষাবর্ষ- ২০১৫-১৬ ইং, পাসের সন- ২০১৭। উভয় মাদ্রাসা শিক্ষাবোর্ড, ঢাকা। নলছিটি থানারয় জিডি নং- ১০৬৩,তারিখঃ ২২/০৯/২০২৬।

মোঃ মাছুম জোমাদ্দার
মোবাইল-০১৭১৪-৫৪২৬৮২

## আগৈলঝাড়ায় ইউনিয়ন পরিষদ

রহমানের রাজনৈতিক উপদেষ্টা জহির উদ্দিন স্বপন এমপি বলেন, এ নির্বাচনে প্রার্থী মনোনয়নের ক্ষেত্রে দলীয় সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। দলীয়ভাবে বিএনপি যাকেই সমর্থন দেবে, দলের সর্বস্তরের নেতাকর্মীদেরকে ঐক্যবদ্ধভাবে তার পক্ষেই মাঠে কাজ করতে হবে। এক্ষেত্রে কোন নেতার ব্যক্তিগত পছন্দ-অপছন্দের বিষয়টি মন থেকে মুছে ফেলে দলীয় সিদ্ধান্তকে গুরুত্ব দিয়ে সাংগঠনিকভাবে কাজ করার জন্য সভায় উপস্থিত নেতা-কর্মীদেরকে অনুরোধ জানানো হয়।

## দেশের তৃণমূল পর্যায়ে উন্নয়নের মূল

উপজেলা বিএনপির আহ্বায়ক হাজী মোহাম্মদ গোলাম মোস্তফা, গণঅধিকার পরিষদের সভাপতি মো. হাফিজুর রহমান, পৌর বিএনপির আহ্বায়ক মো. রফিকুল ইসলাম খান, বিএনপির যুগ্ম আহ্বায়ক মো. আবদুল সোবাহান, গণঅধিকার পরিষদের সদস্য সচিব মো. জাকির মুন্সী এবং প্রতিমন্ত্রীর গলাচিপা-দশমিনা এলাকার প্রতিনিধি আবু নাঈমসহ স্থানীয় রাজনৈতিক ও সামাজিক নেতৃবৃন্দ। মতবিনিময় সভায় উপজেলার বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান ও প্রতিনিধিরা নিজ নিজ এলাকার নানাবিধ সমস্যা ও ইউনিয়নের কার্যক্রম পরিচালনায় উন্নয়ন বিষয়ে মন্ত্রীর কাছে বিভিন্ন দাবি তুলে ধরেন। সভা শেষে প্রতিমন্ত্রী গলাচিপা পৌরসভার অন্তর্গত ১৪০ নম্বর ব্র্যাক আশ্রয়কেন্দ্র প্রকল্প, নির্মাণাধীন মডেল মসজিদ এবং গলাচিপা সদর ইউনিয়নের স্থানীয় খাল খনন প্রকল্প সরেজমিনে পরিদর্শন ও অগ্রগতি পর্যবেক্ষণ করেন।

## সৃজনশীল সিনেমা দেখে মুগ্ধ

অন্যতম স্পন্সর কানিজ জোহরা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বরিশাল চলচ্চিত্র উৎসব বাস্তবায়ন কমিটির আহবায়ক এস এম সাব্বির নেওয়াজ সাগর। স্বাগত বক্তব্য রাখেন ইএসডিআই ফিল্ম সোসাইটির সভাপতি জসিম উদ্দিন ইমন। অনুষ্ঠান পরিচালনা করেন ইএসডিআই ফিল্ম সোসাইটির সাধারণ সম্পাদক জহিরুল ইসলাম। উদ্বোধনী দিনে পরিচালক তানিম নূরের 'বনলতা এক্সপ্রেস' এবং খন্দকার সুমনের 'সাঁতাও' চলচ্চিত্র প্রদর্শণ করা হয়। উৎসবের অংশ হিসেবে শনিবার সকাল ১১ টায় বরিশাল জেলা শিল্পকলা একাডেমিতে চলচ্চিত্র বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। সমাপনী দিনে প্রদর্শিত চলচ্চিত্রগুলো হচ্ছে- নির্মাতা পরিচালক মোহাম্মদ নুরুজ্জামানের- আম কাঁঠালের ছুটি, মুহাম্মদ কাইয়ুমের- কুঁড়া পক্ষীর শুন্যে উড়া, মিথক মনি'র- দেয়ালের দেশ, সোহেল রানা বয়াতীর- নয়া মানুষ, রাইসুল ইসলাম অনিকের- বিশ্বাস করেন ভাই এবং দ্যা ইউনিভার্সিটি অফ চানখারপুল। শত শত দর্শক বরিশাল চলচ্চিত্র উৎসবে অংশগ্রহণ করে জেলা শিল্পকলা একাডেমির এলইডি স্ক্রীনে ছবি দেখে মুগ্ধ হন। অনুষ্ঠানের অতিথিরা তাদের বক্তব্যে বরিশালের প্রখ্যাত চলচ্চিত্র নির্মাতা শামসুদ্দীন আবুল কালাম ও আলমগীর কবিরসহ বরিশাল অঞ্চলে জন্ম নেয়া নির্মাতা ও অভিনেতাদের শ্রদ্ধার সাথে স্মরণ করেন। বরিশাল চলচ্চিত্র উৎসবে প্রদর্শিত ছবিগুলো জীবন ঘনিষ্ঠ ও সমাজের বাস্তব প্রতিচ্ছবি বলে মত প্রকাশ করেন- ছবি দেখে আসা দর্শক সাজ্জাদুল হক। তিনি বলেন, বরিশালে টিকে থাকা একমাত্র সিনেমা হল 'অভিরুচি'তে যাওয়ার মতো অবকাঠামোগত কোন পরিবেশ নেই, তাই সিনেমা দেখা হয়না। এবার বরিশাল চলচ্চিত্র উৎসবে শিল্পকলা একাডেমির নান্দনিক হলে বন্ধু-বান্ধবসহ ছবি দেখে মুগ্ধ হয়েছি।

## ইকামতে দ্বীনের চেতনায় আগামী

মানুষের কাছে ইসলামের সুমহান আদর্শ তুলে ধরতে হবে এবং সমাজে ন্যায়, ইনসাফ ও কল্যাণ প্রতিষ্ঠার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যেতে হবে। আগামী দিনের চ্যালেঞ্জ মোকাবিলায় দায়িত্বশীলদের যোগ্যতা, দক্ষতা ও সাংগঠনিক প্রজ্ঞাতি আরও বৃদ্ধি করার ওপর তিনি গুরুত্বারোপ করেন। সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগর দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ, কেন্দ্রীয় মজলিশে শূরা সদস্য অধ্যাপক মাওলানা আব্দুল জব্বার এবং শায়খ মাওলানা জামাল উদ্দীন। সম্মেলনে সভাপতিত্ব করেন বাংলাদেশ জামায়াতে ইসলামী পটুয়াখালী জেলা শাখার আমীর ও কেন্দ্রীয় মজলিশে শূরা সদস্য অ্যাডভোকেট আলহাজ্ব মোঃ নাজমুল আহসান। জেলা জামায়াতের সেক্রেটারি অধ্যাপক মোঃ শহীদুল ইসলাম আল কায়ছারী-এর সঞ্চালনায় অনুষ্ঠিত সম্মেলনে আরও উপস্থিত ছিলেন জেলা সহকারী সেক্রেটারি অধ্যাপক এবিএম সাইফুল্লাহ, মোঃ আলমগীর হোসাইন, জেলা প্রচার ও মিডিয়া সেক্রেটারি মোঃ সাইদুর রহমান খানসহ জেলা ও ইউনিয়ন পর্যায়ের দায়িত্বশীল-দায়িত্বশীলাগণ। সম্মেলনে বক্তারা বলেন, একটি আদর্শভিত্তিক সমাজ বিনির্মাণে দায়িত্বশীলদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সংগঠনের প্রতিটি স্তরে পারস্পরিক সহযোগিতা, শৃঙ্খলা, পরামর্শ ও দায়িত্ববোধের সংস্কৃতি গড়ে তুলতে হবে। মানুষের সুখে-দুঃখে পাশে দাঁড়িয়ে তাদের কল্যাণে কাজ করার মাধ্যমে ইসলামী আদর্শের সৌন্দর্য মানুষের সামনে তুলে ধরতে হবে। পটুয়াখালীতে জামায়াতের ইউনিয়ন দায়িত্বশীল-দায়িত্বশীলা সম্মেলন অনুষ্ঠিতসম্মেলনে ইউনিয়ন পর্যায়ের দায়িত্বশীল-দায়িত্বশীলাদের সাংগঠনিক দায়িত্ব পালনে আরও সক্রিয় ও দক্ষ হওয়ার আহ্বান জানানো হয়। পাশাপাশি আগামী দিনের কর্মসূচি বাস্তবায়নে ঐক্যবদ্ধভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করা হয়।

## বিশ্ববিদ্যালয় ছাত্রীকে আটকে রেখে যৌন

এক পর্যায়ে তার কাছ থেকে নগদ টাকা ও একটি মোবাইল ফোন ছিনিয়ে নেওয়া হয়। পরে বিশ্ববিদ্যালয় ছাত্রীকে আলাদা স্থানে নিয়ে শরীরের স্পর্শকাতর স্থানে হাত দেওয়াসহ বিভিন্নভাবে যৌন হয়রানি করা হয়। ঘটনার পরদিন ওই ছাত্রীবাদী হয়ে দুমকি থানায় মামলা করেন। মামলায় রিফাত তালুকদারসহ কয়েকজনের নাম উল্লেখ করে এবং অজ্ঞাতনামা আরও ২-৩ জনকে আসামি করা হয়েছে। স্থানীয়দের অভিযোগ, ওই এলাকায় দীর্ঘদিন ধরে কিছু বখাটে যুবকের উৎপাত রয়েছে। তারা দ্রুত অভিযুক্তদের গ্রেফতার করে আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন। দুমকি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মামলার বিষয়টি নিশ্চিত করে বলেন, 'অভিযোগের ভিত্তিতে মামলা নেওয়া হয়েছে। আসামিরা পলাতক রয়েছে। তাদের গ্রেপ্তারে পুলিশের অভিযান চলছে।'

## চীনা গোয়েন্দা সহায়তায় মার্কিন

রাখছে বলে দাবি করেছেন মার্কিন গোয়েন্দা কর্মকর্তারা। সম্প্রতি তৈরি কয়েকটি মার্কিন গোয়েন্দা মূল্যায়নের বরাত দিয়ে ৪টি সূত্র মার্কিন সংবাদমাধ্যম সিএনএনকে এ তথ্য জানিয়েছে । সূত্রগুলোর দাবি, চীনা স্যাটেলাইটের সরবরাহ করা ছবি ব্যবহার করে গত জুলাইয়ে জর্ডানে একটি মার্কিন ঘাঁটিতে নিখুঁত হামলা চালায় ইরান। ওই হামলায় তিন মার্কিন সেনা নিহত হন। মার্কিন কর্মকর্তাদের ধারণা, চীনা গোয়েন্দা সহায়তা ছাড়া ওই মাত্রার নির্ভুল হামলা চালানোর সক্ষমতা ইরানের ছিল না। চীনা ভূ-স্থানিক তথ্য ইরানকে হরমুজ প্রণালিতে চলাচলকারী জাহাজ শনাক্ত করতেও সহায়তা করছে। এর ফলে ইরানি ড্রোন ও ক্ষেপণাস্ত্রের লক্ষ্যবস্তুতে আঘাত হানার সম্ভাবনা বেড়েছে বলে একজন মার্কিন কর্মকর্তা জানিয়েছেন। আরও দুই সূত্র জানিয়েছে, এই তথ্যের মাধ্যমে ইরান এমন কিছু তাপ-অনুসরণকারী ড্রোনও ব্যবহার করতে পারছে, যেগুলো আকাশে উড্ডয়নের পর মাঝপথে নিয়ন্ত্রণ করা যায় না। জাহাজ কখন নির্দিষ্ট এলাকায় পৌঁছাবে, তা হিসাব করে ড্রোন উৎক্ষেপণের সময় নির্ধারণে এসব তথ্য ব্যবহার করছে ইরান। মার্কিন সূত্রগুলোর মতে, সাম্প্রতিক মাসগুলোতে ইরানের ধারাবাহিক হামলার নির্ভুলতা বাড়ার পেছনে চীনা সহায়তা অন্যতম কারণ। তবে এটিই একমাত্র কারণ নয়। রাশিয়ার সহায়তা এবং চলমান সংঘাতে ইরানি বাহিনীর অর্জিত যুদ্ধ-অভিজ্ঞতাও তাদের সামরিক সক্ষমতা বাড়াতে ভূমিকা রাখছে। চীনের সহায়তার পরিমাণ সুনির্দিষ্টভাবে নির্ধারণ করা কঠিন বলে জানিয়েছেন মার্কিন কর্মকর্তারা। কারণ, চীনা সরকার সরাসরি এই সহায়তার নির্দেশ দিয়েছে, নাকি বিষয়টি নীরবে অনুমোদন করছে; তা স্পষ্ট নয়। এ ছাড়া বেইজিং ইরানকে ঠিক কতটা সহায়তা করছে, তা নিয়েও মার্কিন কর্মকর্তাদের মধ্যে মতভেদ রয়েছে। মার্কিন গোয়েন্দা তথ্য সম্পর্কে অবগত পঞ্চম এক সূত্র জানিয়েছেন, সাম্প্রতিক কিছু প্রতিবেদনে বলা হয়েছে, হরমুজ প্রণালীতে চলাচল ব্যাহত হওয়ায় বিশ্ববাজারে তেলের দাম বেড়ে যাওয়ায় চীনও এই পরিস্থিতির অবসান চায়। তবে চীনা গোয়েন্দা সহায়তা এরই মধ্যে ইরানের নতুন ধরনের সামরিক কৌশল গড়ে তুলতে ভূমিকা রেখেছে বলে মার্কিন কর্মকর্তারা বলছেন। মার্কিন কর্মকর্তাদের ও বাইরের বিশ্লেষকদের মতে, ইরানের সবচেয়ে বড় কৌশলগত চাপ প্রয়োগের জায়গা হরমুজ প্রণালী। সেখানে মার্কিন সামরিক বাহিনীর পাহারায় থাকা জাহাজ ও বাণিজ্যিক জাহাজকে লক্ষ্য করে ইরান হামলা চালিয়ে যাচ্ছে। এক মার্কিন কর্মকর্তা জানান, জাহাজগুলো জলপথের একটি নির্দিষ্ট ভৌগোলিক চিহ্নে পৌঁছানোর পর ইরান একসঙ্গে বিপুলসংখ্যক তাপ-অনুসরণকারী ড্রোন ছুড়ছে। ওই কর্মকর্তা জায়গাটিকে 'নাকল' হিসেবে বর্ণনা করেছেন। তাপ অনুসরণ করতে সক্ষম হওয়াকে খুব উন্নত প্রযুক্তি হিসেবে বিবেচনা করা হয় না। তবে চীনা স্যাটেলাইট ছবি ব্যবহার করে ইরানি বাহিনী মার্কিন জাহাজের পাহারাদারি কার্যক্রম কার্যকরভাবে অনুসরণ করতে পারছে এবং হামলার জন্য উপযুক্ত সময় বেছে নিতে পারছে বলে সূত্রগুলো জানিয়েছে দুই মার্কিন কর্মকর্তার মতে, এই কৌশলে মূলত বিপুলসংখ্যক ড্রোন ছোড়া হয় এবং সেগুলো জাহাজের কাঠামো থেকে নির্গত তাপ শনাক্ত করে লক্ষ্যবস্তুতে আঘাত করবে; এমন প্রত্যাশা করা হয়। অভিযানের তীব্রতাও বেশ বেশি। এক সাম্প্রতিক পাহারাদারি অভিযানে মার্কিন বাহিনী ইরানের এক ডজনের বেশি ক্ষেপণাস্ত্র প্রতিহত এবং প্রায় ২০টি ড্রোন ভূপাতিত করেছে। একই সময়ে হরমুজ প্রণালির আশপাশে প্রায় ৬০টি লক্ষ্যবস্তুতে আক্রমণাত্মক অভিযান চালানো হয়েছে বলে এক মার্কিন কর্মকর্তা জানান। ইরানের ক্ষেপণাস্ত্র ও ড্রোনের নির্দেশনা ব্যবস্থা উন্নত করতেও চীন ও রাশিয়ার কারিগরি সহায়তা রয়েছে বলে জানা গেছে। তবে জর্ডানে জুলাইয়ের হামলার মতো কিছু ঘটনায় চীনের সরবরাহ করা গোয়েন্দা তথ্যকে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে একমত মার্কিন কর্মকর্তারা। এক মার্কিন সূত্র বলেন, 'তাদের লক্ষ্য নির্ধারণের সক্ষমতা উন্নত হওয়ার একটি কারণ হলো তারা কিছু সহায়তা পাচ্ছে। যুদ্ধক্ষেত্রে নিয়মিত অভিজ্ঞতা অর্জন গুরুত্বপূর্ণ, তবে বাইরে থেকে সহায়তা পাওয়া অনেক বড় বিষয়।' এ বিষয়ে মন্তব্য জানতে ওয়াশিংটনে চীনা দূতাবাস ও ইরানি কূটনৈতিক কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ করা হলেও তারা সাড়া দেননি। মার্কিন প্রতিরক্ষা দপ্তরও মন্তব্য করতে রাজি হয়নি। হোয়াইট হাউসও এই প্রতিবেদন প্রকাশের আগে কোনো জবাব দেয়নি। এর আগে দ্য ওয়াল স্ট্রিট জার্নাল জানিয়েছিল, জর্ডানের মার্কিন ঘাঁটিতে জুলাইয়ের হামলায় ইরান চীনা স্যাটেলাইট তথ্য ব্যবহার করেছিল। ওই সময় চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র গুও জিয়াকুনকে এ বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেছিলেন, চীন সবসময় আন্তর্জাতিক বাধ্যবাধকতা কঠোরভাবে পালন করে। সংঘাতকে ব্যবহার করে চীনের বিরুদ্ধে 'কাদা ছোড়াছুড়ির' বিরোধিতা করে বেইজিং। এদিকে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে বৈঠকের জন্য বৃহস্পতিবার ও শুক্রবার ওয়াশিংটনে রয়েছেন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং। ট্রাম্প চীনের সঙ্গে ইতিবাচক সম্পর্ক বজায় রাখতে চাইলেও, এক মার্কিন কর্মকর্তা মনে করেন, শির এই সফরে বিষয়টি আলোচনায় আসতে পারে। চীনে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ডেভিড পারডিউ শুক্রবার সিএনবিসিকে বলেছেন, ইরানকে সরাসরি বা পরোক্ষভাবে যেকোনো ধরনের সহায়তা দেওয়া 'সম্পূর্ণ অগ্রহণযোগ্য'; এ কথা ট্রাম্প প্রশাসন চীনকে স্পষ্টভাবে জানিয়েছে। জর্ডানে হামলার পর ইরানকে চীন লক্ষ্য নির্ধারণে সহায়তা করছে কি না, এমন প্রশ্নের জবাবে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বিষয়টি নিয়ে সরাসরি মন্তব্য করতে অস্বীকৃতি জানান। তবে তিনি বলেন, ইরান-সংক্রান্ত সংঘাতের গতিপথ পরিবর্তনে চীনের কোনো পদক্ষেপ ভূমিকা রাখেনি। বরং কিছু ক্ষেত্রে চীন 'বেশ সহযোগিতাপূর্ণ' আচরণ করেছে। হরমুজ প্রণালিতে ইরানের টোল আরোপের প্রচেষ্টার প্রকাশ্য বিরোধিতার কথাও উল্লেখ করেন তিনি। সংঘাত চলাকালে চীনা বাণিজ্যিক স্যাটেলাইটের মাধ্যমে মধ্যপ্রাচ্যের ছবি সরবরাহ ঠেকাতে ব্যবস্থা নিয়েছে ট্রাম্প প্রশাসন। মার্কিন কর্মকর্তারা সতর্ক করে বলেছেন, এসব ছবি সরবরাহ মার্কিন সেনাদের ঝুঁকির মধ্যে ফেলছে। গত মে মাসে ৩টি চীনা স্যাটেলাইট কোম্পানির ওপর নিষেধাজ্ঞা দেয় যুক্তরাষ্ট্র। মার্কিন প্রশাসনের অভিযোগ ছিল, এসব কোম্পানির সরবরাহ করা ছবি 'মধ্যপ্রাচ্যে মার্কিন বাহিনীর বিরুদ্ধে ইরানের সামরিক হামলা সক্ষম করে'। যুদ্ধ সপ্তম মাসে গড়ানোর সঙ্গে সঙ্গে মার্কিন সম্পদকে হুমকির মুখে রাখতে এবং ওয়াশিংটন ও তার মিত্রদের ওপর চাপ অব্যাহত রাখতে ইরান যুদ্ধক্ষেত্রে নিজেদের কৌশল পরিবর্তন করেছে বলে কর্মকর্তারা জানিয়েছেন।

## শান্তি ও আন্তর্জাতিক আইন মানা ছাড়া

শুক্রবার (২৫ সেপ্টেম্বর) নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের ফাঁকে গ্লোবাল ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভের একটি গুরুত্বপূর্ণ বৈঠকে বক্তব্য দেন আরাগচি। তিনি বলেন, উন্নয়নশীল দেশগুলো এখনো দারিদ্র্য, ক্ষুধা, বাড়তে থাকা বৈষম্য, ঋণের চাপ, অর্থায়ন ও প্রযুক্তির ঘাটতি এবং পরিবেশগত সংকটের মুখে রয়েছে। সংঘাত, বাণিজ্যিক বাধা, একতরফা নিষেধাজ্ঞা ও সামরিক শক্তি ব্যবহারের কারণে এসব সমস্যা আরও তীব্র হচ্ছে। আরাগচি বলেন, যুদ্ধ, সংঘাত ও নানা ধরনের চাপ থাকলে কোনো দেশের উন্নয়ন এগিয়ে নেওয়া কঠিন। উন্নয়নশীল দেশগুলোর এখন দরকার অর্থ, প্রযুক্তি, জ্ঞান ও অন্য দেশগুলোর সহযোগিতা। তাদের ওপর আরও নিষেধাজ্ঞা বা নতুন বাধা চাপিয়ে দেওয়া উচিত নয়। ইরানের ওপর দীর্ঘদিন ধরে চলা যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞারও সমালোচনা করেন তিনি। আরাগচির দাবি, এসব নিষেধাজ্ঞার কারণে ইরানের বাণিজ্য, অর্থ, ওষুধ, প্রযুক্তি, শিক্ষা ও বৈজ্ঞানিক সহযোগিতা ক্ষতিগ্রস্ত হচ্ছে। তিনি আরও বলেন, সাধারণ মানুষের জীবনে নিষেধাজ্ঞার এমন প্রভাবকে ইরান 'অর্থনৈতিক সন্ত্রাস' হিসেবে দেখে। জাতিসংঘকে এ ধরনের একতরফা নিষেধাজ্ঞার বিরুদ্ধে অবস্থান নেওয়ার পাশাপাশি সেগুলো পুরোপুরি ও নিঃশর্তভাবে তুলে নেওয়ার আহ্বান জানান তিনি। এ সময় ইরানের ওপর চলমান যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলারও নিন্দা করেন আরাগচি। তিনি দাবি করেন, এসব হামলায় নারী ও শিশুসহ বহু মানুষ নিহত হয়েছেন এবং বেসামরিক ও গুরুত্বপূর্ণ অবকাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে। ইরানের মিনাব শহরের একটি প্রাথমিক বিদ্যালয়, পাস্তুর ইনস্টিটিউট এবং ফার্স প্রদেশের লামের্দের একটি ক্রীড়া কমপ্লেক্সে হামলার কথা উল্লেখ করে আরাগচি বলেন, শিক্ষা, স্বাস্থ্য ও আশার প্রতীক এসব স্থান এখন রক্তপাত ও ধ্বংসের দৃশ্যে পরিণত হয়েছে।

## পুকুরে ডুবে আড়াই

প্রয়োজনে বাড়ির বাইরে ছিলেন। খেলার ছলে একপর্যায়ে পরিবারের সবার অগোচরে সে বাড়ির পেছনের পুকুরে পড়ে তলিয়ে যায়। তাকে অনেক সময় দেখতে না পেয়ে স্বজনেরা খোঁজাখুঁজি শুরু করেন। পরে স্বজনেরা পুকুর থেকে স্বস্তিককে ভাসমান অবস্থায় উদ্ধার করেন। দুপুর ১২টার দিকে তাকে পাশের রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসক শিশুটিকে মৃত ঘোষণা করেন। ঘটনার সত্যতা নিশ্চিত করে শৌলজালিয়া ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মো. সিরাজুল ইসলাম জানান, শিশুটির অকাল মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

## বরিশালে সাহিত্য আড্ডা

কবি হেলেন রহমান, কবি সুজন হাওলাদার জাকির, কবি সামসুল ইসলাম রিপন, রফিকুল ইসলাম, শেখ মোঃ মনির হোসেন, মোহাম্মদ এমদাদুল হক টিপু, এসএম শহিদুর রহমান, তাহসিন রহমান প্রমুখ। সাহিত্য আড্ডায় স্বরচিত লেখা পাঠের পাশাপাশি প্রখ্যাত ছড়াকার ও শিক্ষাবিদ নূরুজ্জমান ফিরোজের বর্ণাঢ্য কর্মময় জীবন ও সাহিত্য নিয়ে দৈনিক বাংলাদেশ বাণী পত্রিকায় প্রকাশিত একটি প্রবন্ধ উপস্থাপন করা হয়। একই সাথে তাকে ফুলেল শুভেচ্ছা ও সম্মাননা স্মারক ক্রেস্ট প্রদান করা হয়। অনুষ্ঠানের সার্বিক সহযোগিতায় ছিলো- নিরেট সাহিত্য গ্রুপ 'শব্দ ষড়ঙ্গ সভা'।

## রাজাপুরে ইয়াবা-গাঁজাসহ ৫ জন আটক, দেড় বছরের কারাদণ্ড

সুদেব মালাকার, রাজাপুর

ঝালকাঠির রাজাপুরে ১২৩ পিস ইয়াবা ট্যাবলেট ও ৪০০ গ্রাম গাঁজাসহ পাঁচজনকে আটক করেছে উপজেলা প্রশাসন। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাদের প্রত্যেককে দেড় বছর করে বিনাশ্রম কারাদণ্ড ও ২০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও এক মাসের কারাদণ্ড দেওয়া হয়েছে। শুক্রবার (২৫ সেপ্টেম্বর) সন্ধ্যা ৭টার দিকে উপজেলার সাতুরিয়া ইউনিয়নের লেবুবুনিয়া বাজারের উত্তর পাশে মিলবাড়ি এলাকায় আবাসনের বিপরীতে রাজু গাইনের একটি পরিত্যক্ত বাড়িতে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। আটকরা হলেন–নৈকাঠী এলাকার মো. সুলতান হাওলাদারের ছেলে মো. এমাদুল হাওলাদার (৪৫), লেবুবুনিয়া এলাকার মো. আনোয়ার হোসেনের ছেলে মো. মিরাজ হোসেন (২৬), নারিকেলবাড়িয়া এলাকার মো. মোদাচ্ছের খানের ছেলে মো. রাকিব খান (২৫), লেবুবুনিয়া এলাকার মো. হাবিবুর রহমান আকনের ছেলে মো. হাসিবুর রহমান আকন (২৫) এবং বারাকপুর এলাকার মো. নুরু হাওলাদারের ছেলে মো. ইয়াছিন হাওলাদার (২৫)। উপজেলা প্রশাসন সূত্রে জানা যায়, অভিযানকালে তাদের কাছ থেকে ১২৩ পিস ইয়াবা ট্যাবলেট ও ৪০০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। উদ্ধার করা গাঁজার মধ্যে বড় রোল ৮টি ও ছোট রোল ১৪টি ছিল। উপজেলা প্রশাসন জানিয়েছে, মাদকবিরোধী অভিযানের অংশ হিসেবে এ অভিযান পরিচালনা করা হয়। মাদকের বিস্তার রোধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে এবং মাদকদ্রব্যের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। পরে রাত সাড়ে ৮টার দিকে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন রাজাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রিফাত আরা মৌরী। আদালতে আটক পাঁচজনকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে প্রত্যেককে দেড় বছর করে বিনাশ্রম কারাদণ্ড এবং ২০ হাজার টাকা করে জরিমানা করা হয়। জরিমানা অনাদায়ে প্রত্যেককে আরও এক মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়।

## ভোলার সাহিদা বরিশাল

প্রতিযোগিতায় অংশ গ্রহণ করেন। সাহিদা আক্তার সুমনা গতবছরও (২০২৫ সাল) ভোলা জেলা পর্যায়ে গুণী শিক্ষক নির্বাচিত হয়েছিলেন। এছাড়া তিনি ২০১৭ সালে ভোলা জেলার শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচিত হন এবং শ্রেষ্ঠ শিক্ষক হিসেবে সরকারিভাবে গণচীন সফর করেন। তার নেতৃত্বে ২০১৮, ২০২২ ও ২০২৬ সালে ৩৯ নং নজরুল্লাহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ও জেলার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত হয়। ভোলা প্রেসক্লাব সভাপতি অ্যাড. নজরুল হক অনুর সহধর্মিণী সাহিদা সাংবাদিকতায়ও অনবদ্য ভূমিকা রাখছেন। ২০০০ সালে তিনি নারী সাংবাদিক হিসাবে ম্যাস লাইন মিডিয়া সেন্টার এম.এম.সির প্রাকৃতজন পুরস্কার লাভ করেন। পরবর্তীতে এম.এম.সির প্রশিক্ষণ কর্মকর্তা হিসেবে বরিশাল ও খুলনা বিভাগের সাংবাদিকদের প্রশিক্ষণ দেন। ঝালকাঠি জেলার আবুল কালাম আজাদ আবু মিয়ার মেয়ে সাহিদা বরিশাল ব্রজমোহন কলেজ থেকে সমাজ বিজ্ঞানে অনার্সসহ মাস্টার্স ও বিএড এবং সি ইনএড ডিগ্রি অর্জন করেন। সাহিদা কিছুদিন গ্রামীণ ব্যাংকের সিনিয়র অফিসার হিসাবেও কর্মরত ছিলেন। তিনি ভোলা শিক্ষা কমিটির সদস্য ছাড়াও বিভিন্ন সংগঠনের সাথে জড়িত। তার নেতৃত্বে ৩৯ নং নজরুল্লাহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার গুণগত পরিবর্তন এবং সার্বিক পরিবেশে আমূল পরিবর্তন সাধিত হয়েছে।

## বরিশালে ওয়াপসা-বিবির

ড. মো. ইলিয়াস হোসেনের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. এস এম হেমায়েত জাহান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোহাম্মদ আতিকুর রহমান, ওয়াপসা-বিবির সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মো. সিরাজুল হক, সাধারণ সম্পাদক মো. ফয়েজুর রহমানসহ সংশ্লিষ্টরা। কর্মশালায় 'নিরাপদ ও আদর্শ ব্রয়লার খামার তৈরিতে স্বাস্থ্য ব্যবস্থাপনার গুরুত্ব' বিষয়ে প্রেজেন্টেশন উপস্থাপন করেন বরিশাল আঞ্চলিক প্রাণীরোগ অনুসন্ধান গবেষণাগারের পিএসও ড. মো. নূরুল আলম। এ সময় ওয়াপসা-বিবির কার্যনির্বাহী পরিষদের সদস্য, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, বরিশাল অঞ্চলের তৃণমূল পর্যায়ের খামারি, প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রতিনিধিসহ সংশ্লিষ্ট বিভিন্ন পর্যায়ের ব্যক্তিরা অংশগ্রহণ করেন। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. এস এম হেমায়েত জাহান বলেন, ব্রয়লার মুরগির নিরাপদ খাদ্য ও ওষুধ ব্যবহারের বিষয়ে খামারিদের জ্ঞান ও সচেতনতা বাড়াতে হবে। প্রয়োজন অনুযায়ী ওষুধ যেমন উপকারী হতে পারে, তেমনি অপ্রয়োজনীয় বা অতিরিক্ত ব্যবহার ক্ষতির কারণ হতে পারে। তিনি বলেন, পোল্ট্রি ব্যবসায় সফল হতে হলে খামারিদের এ খাতের বিজ্ঞান, ব্যবস্থাপনা, খাদ্য ও ওষুধ ব্যবহারের সঠিক পদ্ধতি সম্পর্কে জানতে হবে। পোল্ট্রি খামারের জন্য কোন খাদ্য উপযোগী, কখন কোন ওষুধ প্রয়োজন এবং কীভাবে স্বাস্থ্য ব্যবস্থাপনা নিশ্চিত করতে হয়–এসব বিষয়ে জ্ঞান অর্জন করলেই একজন খামারি আধুনিক ও লাভজনক খামার গড়ে তুলতে পারবেন। তিনি আরও বলেন, পোল্ট্রি খামারকে লাভজনক ও টেকসই পেশায় উন্নীত করতে সরকার ডাটাবেজ তৈরির উদ্যোগ নিয়েছে। এর মাধ্যমে ভবিষ্যতে খামারিরা বিভিন্ন ধরনের সুবিধা পাবেন বলে আশা প্রকাশ করেন তিনি। কর্মশালায় বক্তারা বলেন, ব্রয়লার মুরগি নিয়ে সমাজে নানা ধরনের নেতিবাচক ধারণা প্রচলিত রয়েছে। বিশেষ করে মুরগিতে অতিরিক্ত অ্যান্টিবায়োটিক ব্যবহারের কারণে তা মানবস্বাস্থ্যের জন্য ক্ষতিকর–এমন ধারণা অনেকের মধ্যে রয়েছে। তবে প্রয়োজনীয় ক্ষেত্রে প্রাণিসম্পদ বিশেষজ্ঞ ও সংশ্লিষ্টদের পরামর্শ অনুযায়ী ওষুধ ব্যবহারের বিষয়টি সম্পর্কে খামারি ও সাধারণ মানুষকে সঠিক তথ্য জানাতে হবে। বক্তারা আরও বলেন, নিরাপদ পোল্ট্রি উৎপাদনের জন্য শুধু খামারিদের নয়, ভোক্তাদের মধ্যেও সচেতনতা বাড়ানো প্রয়োজন। আধুনিক প্রযুক্তি, বিজ্ঞানভিত্তিক স্বাস্থ্য ব্যবস্থাপনা, নিরাপদ খাদ্য এবং প্রয়োজনীয় ওষুধের সঠিক প্রয়োগ নিশ্চিত করা গেলে পোল্ট্রি খাত আরও সমৃদ্ধ ও টেকসই হয়ে উঠবে। এ জন্য তৃণমূল পর্যায়ের খামারিদের নিয়মিত প্রশিক্ষণ ও কর্মশালার মাধ্যমে আধুনিক পোল্ট্রি ব্যবস্থাপনা সম্পর্কে জ্ঞান দেওয়ার ওপর গুরুত্বারোপ করেন বক্তারা।

## কাউখালীতে ডেঙ্গু প্রতিরোধে

(ইউএনও) রেহেনা আক্তার উপস্থিত ছিলেন। এ ছাড়া দক্ষিণ বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক শোয়াইব সিদ্দিকী, স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন। ডেঙ্গু প্রতিরোধে নিয়মিতভাবে বাড়িঘর, ব্যবসাপ্রতিষ্ঠান ও আশপাশের পরিবেশ পরিষ্কার রাখার পাশাপাশি কোথাও পানি জমতে না দেওয়ার ওপর গুরুত্ব দেওয়া হয়। উল্লেখ্য, ডেঙ্গু প্রতিরোধে পিরোজপুর জেলায় তিন মাসব্যাপী পরিচ্ছন্নতা কার্যক্রম চলছে। এর অংশ হিসেবে প্রতি শনিবার জেলার বিভিন্ন এলাকায় পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার উদ্যোগ নেওয়া হয়েছে।

## মাদক মামলায় যাবজ্জীবন

এসআরবি-৮-এর সহকারী পুলিশ সুপার ওয়ালিদ হাসান মিঠু জানান, ২০১২ সালে মাগুরা সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে লোকমান হোসেনের বিরুদ্ধে মামলা হয়। মামলাটি আদালতে প্রমাণিত হলে তাঁকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়। এরপর থেকে তিনি দীর্ঘদিন আত্মগোপনে ছিলেন। পরে আদালত তাঁর বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন। তিনি আরও জানান, গ্রেপ্তারি পরোয়ানার ভিত্তিতে গোয়েন্দা তথ্য ও তথ্যপ্রযুক্তির সহায়তায় লোকমানের অবস্থান শনাক্ত করা হয়। পরে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। গ্রেপ্তারের পর লোকমান হোসেনকে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য বোরহানউদ্দিন থানায় হস্তান্তর করা হয়েছে।

## বাউফলে ছিনতাইয়ের অভিযোগ

খলিল মাঝির ছেলে নিজাম মাঝি শুক্রবার বাউফল পৌর শহরে ছিনতাইয়ের শিকার হয়েছেন অভিযোগ করতে থানায় আসেন। তার অভিযোগ, বাজারে কিছু গয়না বন্ধক রেখে পাওয়া প্রায় ২০ হাজার টাকা নিয়ে যাওয়ার পথে সাইমুনের নেতৃত্বে কয়েকজন তাকে মারধর করে ওই টাকা ছিনিয়ে নেন। অভিযোগ পাওয়ার পর বিষয়টি পুলিশের কাছে সন্দেহজনক মনে হলে তদন্ত শুরু হয়। রাতভর অভিযান ও অনুসন্ধানের পর পুলিশ দাবি করে, ঘটনাটি মাদককে কেন্দ্র করে ঘটেছে। এ ঘটনায় ছয়জনকে আসামি করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়। পুলিশ জানায়, অভিযানের সময় সাইমুনকে গ্রেপ্তার করা হয় এবং তার কাছ থেকে দুই পিস ইয়াবা জব্দ করা হয়। পরে মামলার বাদী নিজাম মাঝিকেও গ্রেপ্তার করা হয়। পুলিশের ভাষ্য অনুযায়ী, নিজাম মাঝি ইয়াবা বিক্রির সঙ্গে জড়িত। এছাড়া সাইমুনের বিরুদ্ধে নাজিরপুর এলাকার সাকিব নামের এক ব্যক্তিকে মোবাইল ফোনে হুমকি দিয়ে অর্থ আদায়ের অভিযোগও রয়েছে। বাউফল থানার অফিসার ইনচার্জ (ওসি) সিরাজুল ইসলাম সিরাজ বলেন, অবৈধ মালামাল ছিনতাইয়ের বিষয়টি প্রযোজ্য নয়। মাদককে কেন্দ্র করে বিরোধের ঘটনা ঘটেছে। ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়েছে। গ্রেপ্তার নিজাম মাঝি ও সাইমুনকে পটুয়াখালী আদালতে পাঠানো হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

## আগৈলঝাড়ায় ডেঙ্গু প্রতিরোধে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়া উপজেলায় ডেঙ্গু ও মশাবাহিত অন্যান্য রোগের বিস্তার রোধে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করেছে উপজেলা প্রশাসন। শনিবার সকালে উপজেলা নির্বাহী কর্মকর্তা নিরুপম মজুমদারের নেতৃত্বে উপজেলার বাশাইল বাজারে জনসচেতনতা বৃদ্ধি ও স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিত করার লক্ষে এ কার্যক্রম পরিচালিত হয়। পরিচ্ছন্নতা কর্মসূচির অংশ হিসেবে উপজেলার রাজিহার ইউনিয়নের বাশাইল বাজার এলাকার বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে বর্জ্য পরিষ্কার অভিযান চালানো হয়। এ সময় বাজারের বিভিন্ন স্থানে জমে থাকা ময়লা-আবর্জনা পরিষ্কার করা হয় এবং ডেঙ্গুর বিস্তাররোধে এবং ডেঙ্গু ধ্বংসে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হয়। পাশাপাশি স্থানীয় ব্যবসায়ী ও সাধারণ মানুষের মধ্যে পরিচ্ছন্নতা বজায় রাখা এবং মশার বংশ বিস্তার রোধে সচেতনতা সৃষ্টি করা হয়। অভিযানে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সদস্য সচিব মোল্লা বশির আহমেদ পান্না, বরিশাল উত্তর জেলা বিএনপি'র আহ্বায়ক সদস্য সারোয়ার হোসেন মিয়া, রাজিহার ইউনিয়ন বিএনপি'র আহবায়ক খোন্দকার মোহাম্মদ আলী, ইউনিয়ন বিএনপি'র সদস্য সচিব শ্যামল ঘটক, গৈলা ইউনিয়ন বিএনপি'র সদস্য সচিব বদিউজ্জামান সরল মোল্লা, ব্যবসায়ী মেজবা উদ্দিন প্রমুখ। এছাড়াও অভিযানে স্থানীয় বাজার ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দ ও স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ প্রশাসনের সঙ্গে উপস্থিত থেকে পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজে সহযোগিতা করেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা নিরুপম মজুমদার বলেন, অপরিচ্ছন্ন পরিবেশ ও জমে থাকা পানি ডেঙ্গু ছড়ানোর প্রধান উৎস। এডিস মশা নিয়ন্ত্রণে আমাদের সবাইকে নিজ নিজ অবস্থান থেকে সচেতন হতে হবে। বিশেষ করে বাজার এলাকায় নির্দিষ্ট স্থানে ময়লা ফেলতে হবে এবং কোথাও যেন পানি জমে না থাকে সেদিকে খেয়াল রাখতে হবে। তিনি আরও জানান, ডেঙ্গু মোকাবিলায় সরকারি উদ্যোগের পাশাপাশি জনগণের সম্মিলিত অংশগ্রহণ একান্ত প্রয়োজন।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ রবিবার ॥ ২৭ সেপ্টেম্বর ২০২৬ ॥ ১৪ আশ্বিন ১৪৩৩

## শান্তি ও আন্তর্জাতিক আইন মানা ছাড়া টেকসই উন্নয়ন সম্ভব নয়: আরাগচি

**কীর্তনখোলা ডেস্ক**

শান্তি ও আন্তর্জাতিক আইনকে সম্মান করা ছাড়া টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি। আন্তর্জাতিক সহযোগিতার কেন্দ্রবিন্দুতে উন্নয়নকে রাখার আহ্বান জানিয়েছেন তিনি। খবর প্রেস টিভির। ৩ এর পাতায় দেখুন

## চীনা গোয়েন্দা সহায়তায় মার্কিন ঘাঁটিতে নিখুঁত হামলা চালাচ্ছে ইরান

**কীর্তনখোলা ডেস্ক**

মধ্যপ্রাচ্যে মার্কিন সামরিক ঘাঁটি ও জাহাজে হামলার ক্ষেত্রে ইরানের সক্ষমতা সাম্প্রতিক মাসগুলোতে উল্লেখযোগ্যভাবে বেড়েছে। এর পেছনে চীনা গোষ্ঠীগুলোর সরবরাহ করা স্যাটেলাইট ছবি ও গোয়েন্দা তথ্য সহায়তা গুরুত্বপূর্ণ ভূমিকা ৩ এর পাতায় দেখুন

## দেশের তৃণমূল পর্যায়ে উন্নয়নের মূল মেরুদণ্ড ইউনিয়ন: নুরুল হক নুর

**গলাচিপা প্রতিনিধি**

দেশের তৃণমূল পর্যায়ে ইউনিয়ন পরিষদ হচ্ছে উন্নয়নের মূল মেরুদণ্ড। জনগণের দোরগোড়ায় সরকারি সেবা পৌঁছে দিতে ইউনিয়ন পরিষদের ভূমিকা সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী এবং পটুয়াখালী-৩ (গলাচিপা-দশমিনা) আসনের সংসদ সদস্য মো. নুরুল হক নূর। শনিবার (২৬ সেপ্টেম্বর) বেলা ১১টায় গলাচিপা উপজেলা নির্বাহী কর্মকর্তার অডিটোরিয়াম হলে উপজেলার ১২টি ইউনিয়নের চেয়ারম্যান, প্রশাসক ও সদস্যদের সাথে আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. আবুজর ইজাজুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গলাচিপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইমতিয়াজ আহমেদ। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ও উপস্থিত ছিলেন ৩ এর পাতায় দেখুন

## বিশ্ববিদ্যালয় ছাত্রীকে আটকে রেখে যৌন হয়রানি, সহপাঠীকে মারধর-ছিনতাই

**দুমকি প্রতিনিধি**

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পবিপ্রবি) এক ছাত্রীকে আটকে রেখে যৌন হয়রানি এবং তার সহপাঠীকে মারধর ও ছিনতাইয়ের অভিযোগ উঠেছে স্থানীয় একদল যুবকের বিরুদ্ধে। এ ঘটনায় ভুক্তভোগী ছাত্রী বাদী হয়ে দুমকি থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেছেন। মামলা সূত্রে জানা গেছে, গত ২২ সেপ্টেম্বর সন্ধ্যা সাড়ে ৬টার দিকে পবিপ্রবির শিক্ষার্থী (২০) তার সহপাঠীর (২৩) সঙ্গে দক্ষিণ দুমকির জামেয়া দাখিল মাদ্রাসা সড়কে ঘুরতে যান। এ সময় রিফাত তালুকদারের নেতৃত্বে ৫-৬ জন তাদের পথরোধ করে আটক করেন। অভিযোগে বলা হয়, অসামাজিক কর্মকাণ্ডের অভিযোগ তুলে ছাত্রীর সহপাঠীকে মারধর করা হয়। ৩ এর পাতায় দেখুন

## বরিশালে দু'দিনের চলচ্চিত্র উৎসব সম্পন্ন সৃজনশীল সিনেমা দেখে মুগ্ধ শত শত দর্শক

**কীর্তনখোলা রিপোর্ট**

'ফ্রেমে ফ্রেমে স্বপ্ন, গল্পে গল্পে জীবন' এই স্লোগানে ইএসডিআই ফিল্ম সোসাইটির আয়োজনে বরিশালে দু'দিনব্যাপী চলচ্চিত্র উৎসব সফলভাবে সম্পন্ন হয়েছে। ২৫ সেপ্টেম্বর শুক্রবার বিকেল ৪টায় বরিশাল জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে প্রধান অতিথি হিসেবে উৎসবের উদ্বোধন করেন বাংলাদেশ ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজের সভাপতি ডা. জহিরুল ইসলাম কচি। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজের সাধারণ সম্পাদক মোহাম্মদ নুরউল্লাহ, চলচ্চিত্র পরিচালক মুহাম্মদ কাইয়ুম ও খন্দকার সুমন এবং অভিনেতা হায়দার আলী। বক্তব্য রাখেন সাংস্কৃতিক সংগঠক ও অনুষ্ঠানের ৩ এর পাতায় দেখুন

## মুয়ায্‌যম হোসাইন হেলাল ইকামতে দ্বীনের চেতনায় আগামী দিনের ময়দান প্রস্তুত করতে হবে

**পটুয়াখালী প্রতিনিধি**

'ইকামতে দ্বীনের চেতনা হৃদয়ে লালন করে আগামী দিনের ময়দান প্রস্তুতের জন্য আমাদেরকে ঐক্যবদ্ধভাবে আপ্রাণ চেষ্টা করতে হবে। দায়িত্বশীলতার সঙ্গে প্রত্যেককে নিজ নিজ অবস্থান থেকে কাজ করে যেতে হবে'–বলেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মুয়ায্‌যম হোসাইন হেলাল। শনিবার (২৬ সেপ্টেম্বর) সকালে পটুয়াখালী জেলা শিল্পকলা একাডেমিতে বাংলাদেশ জামায়াতে ইসলামী, পটুয়াখালী জেলা শাখার উদ্যোগে আয়োজিত 'ইউনিয়ন দায়িত্বশীল-দায়িত্বশীলা সম্মেলন-২০২৬'-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রধান অতিথি বলেন, দায়িত্বশীলদেরকে ব্যক্তিগত আমল-আখলাক উন্নয়নের পাশাপাশি সংগঠনের দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। ৩ এর পাতায় দেখুন

## বাউফলে ছিনতাইয়ের অভিযোগ বাদী-বিবাদী গ্রেফতার

**বাউফল প্রতিনিধি**

পটুয়াখালীর বাউফলে ছিনতাইয়ের অভিযোগ নিয়ে থানায় আসার পর মামলার বাদী নিজাম মাঝিসহ ছয়জনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করেছে পুলিশ। এ ঘটনায় নিজাম মাঝি ও সাইমুন নামে দুজনকে গ্রেপ্তার করে শনিবার (২৬ সেপ্টেম্বর) পটুয়াখালী আদালতে পাঠানো হয়েছে। পুলিশের দাবি, ছিনতাইয়ের অভিযোগের পেছনে মূলত মাদককে কেন্দ্র করে বিরোধের ঘটনা রয়েছে। থানা সূত্রে জানা গেছে, উপজেলার নাজিরপুর ইউনিয়নের ৩ এর পাতায় দেখুন

## আগৈলঝাড়ায় ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে রেখে বিএনপির সাংগঠনিক সভা

**আগৈলঝাড়া প্রতিনিধি**

আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন কে সামনে রেখে বরিশালের আগৈলঝাড়া উপজেলার বিএনপি'র সাংগঠনিক সভা অনুষ্ঠিত হয়েছে। ২৫ সেপ্টেম্বর বিকেলে উপজেলার শ্রীমতি মাতৃমঙ্গল বালিকা বিদ্যালয় হলরুমে সভার আয়োজন করা হয়েছে এ সময় সভায় প্রধান অতিথির বক্তব্যে রাখেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা জহির উদ্দিন স্বপন এমপি। উপজেলা বিএনপি'র ভারপ্রাপ্ত আহ্বায়ক সিকদার হাফিজুল ইসলামের সভাপতিত্বে বক্তব্য রাখেন বরিশাল জেলা উত্তর বিএনপির সদস্য সচিব মিজানুর রহমান খান মুকুল, উপজেলা বিএনপির সদস্য সচিব মোল্লা বশির আহমেদ পান্না, যুগ্ম আহ্বায়ক শাহ মোঃ বখতিয়ার, সরোয়ার হোসেন মিয়া, সঞ্জয় গুপ্ত, আবুল হোসেন মোল্লা, এনায়েত খান মনু প্রমুখ। এছাড়া উপজেলা এবং ইউনিয়ন বিএনপি ও মহিলা দলসহ অঙ্গ-সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। সভায় বক্তারা আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে রেখে তৃণমূল পর্যায়ে দলীয় নেতাকর্মীদেরকে ঐক্যবদ্ধ থাকার ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী তারেক ৩ এর পাতায় দেখুন

## কাউখালীতে ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা অভিযান

**কাউখালী প্রতিনিধি**

ডেঙ্গু ও অন্যান্য মশাবাহিত রোগের বিস্তার ঠেকাতে পিরোজপুরের কাউখালীতে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়েছে। জনসচেতনতা বাড়ানো এবং স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা প্রশাসনের উদ্যোগে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। শনিবার (২৬ সেপ্টেম্বর) সকালে সাপ্তাহিক পরিচ্ছন্নতা কার্যক্রমের অংশ হিসেবে উপজেলার দক্ষিণ বাজার এলাকার বিভিন্ন স্থানে এ অভিযান চালানো হয়। এ সময় বিভিন্ন স্থানে জমে থাকা ময়লা-আবর্জনা পরিষ্কারসহ মশার প্রজননস্থল ধ্বংসে কার্যক্রম পরিচালনা করা হয়। অভিযানে কাউখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা ৩ এর পাতায় দেখুন

## ভোলার সাহিদা বরিশাল বিভাগের গুণী শিক্ষক নির্বাচিত

**ভোলা প্রতিনিধি**

ভোলা জেলার সদর উপজেলার নজরুল্লাহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোসাম্মত সাহিদা আক্তার সুমনা বরিশাল বিভাগের গুণী শিক্ষক নির্বাচিত হয়েছেন। ২০২৬ সালের বিশ্ব শিক্ষক দিবস উদযাপন ও প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে অনুষ্ঠিত গুণী শিক্ষক প্রতিযোগিতায় তিনি বরিশাল বিভাগের গুণী শিক্ষক নির্বাচিত

হন। গত ২২ সেপ্টেম্বর প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বরিশালের বিভাগীয় উপ পরিচালক নিলুফার ইয়াসমিন স্বাক্ষরিত চিঠিতে এ তথ্য নিশ্চিত করা হয়। গত ২৪ সেপ্টেম্বর তিনি ঢাকায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে অনুষ্ঠিত জাতীয় পর্যায়ের গুণী শিক্ষক ৩ এর পাতায় দেখুন

## বরিশালে সাহিত্য আড্ডা ও শরতের কবিতা পাঠ

**কীর্তনখোলা রিপোর্ট**

বরিশাল মিডিয়া করপোরেশনের আয়োজনে সাহিত্য আড্ডা ও কবিতা পাঠ অনুষ্ঠিত হয়েছে। একই অনুষ্ঠানে প্রখ্যাত ছড়াকার ও লেখক নূরুজ্জামান ফিরোজকে সংবর্ধনা প্রদান করা হয়। ২৫ সেপ্টেম্বর শুক্রবার রাতে বরিশাল নগরীর সদর রোডের রশিদ প্লাজায় অবস্থিত মুক্তবুলি গণগ্রন্থাগার মিলনায়তনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। বরিশাল মিডিয়া করপোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ও দৈনিক বাংলাদেশ বাণী পত্রিকার সম্পাদক আযাদ আলাউদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বহুমাত্রিক লেখক ও শিক্ষাবিদ নূরুজ্জামান ফিরোজ। বিশেষ অতিথি ছিলেন- কবি ও ছড়াকার এনামুল হক খান এবং কবিতার ফেরিওয়ালা মুসাফির। কবি মায়াবী কাজলের সঞ্চালনায় অনুষ্ঠানে আলোচনা ও স্বরচিত কবিতা পাঠ করেন লেখক ও গবেষক মাহমুদ ইউসুফ, সরকারি বিএম কলেজের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক মো. হুমায়ুন কবির, সহকারী অধ্যাপক তাইমুর হোসেন ও রিয়াজুল হক, কবি জিল্লুর রহমান জিল্লু, জাকির হোসেন সবুজ ৩ এর পাতায় দেখুন

## মাদক মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

**কীর্তনখোলা রিপোর্ট**

দীর্ঘ ১৪ বছর আত্মগোপনে থাকার পর মাগুরা সদর থানার মাদক মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত পলাতক আসামি মো. লোকমান হোসেনকে (৪০) ভোলার বোরহানউদ্দিন থেকে গ্রেফতার করেছে এসআরবি-৮, বরিশাল। শুক্রবার দিবাগত রাতে বোরহানউদ্দিন থানা এলাকায় অভিযান চালিয়ে তাঁকে গ্রেফতার করে এসআরবি-৮-এর ভোলা ক্যাম্পের একটি আভিযানিক দল। গ্রেফতার লোকমান হোসেন ভোলার বোরহানউদ্দিন উপজেলার পদ্ম মনসা এলাকার মোফাজ্জেল হোসেন হাওলাদারের ছেলে। ৩ এর পাতায় দেখুন

## বরিশালে ওয়াপসা-বিবির বিভাগীয় কর্মশালা

**কীর্তনখোলা রিপোর্ট**

নিরাপদ ও মানসম্মত পোল্ট্রি উৎপাদন, আধুনিক খামার ব্যবস্থাপনা এবং ব্রয়লার মুরগি সম্পর্কে প্রচলিত ভুল ধারণা দূর করার লক্ষ্যে বরিশালে ওয়ার্ল্ড পোল্ট্রি সায়েন্স অ্যাসোসিয়েশন বাংলাদেশ শাখা (ওয়াপসা-বিবি)-এর বিভাগীয় কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে বরিশাল ব্র্যাক লার্নিং সেন্টারে ওয়াপসা-বিবির সার্বিক তত্ত্বাবধানে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। বিভাগীয় কর্মশালা কমিটির প্রচার ও প্রকাশনা সম্পাদক প্রফেসর ৩ এর পাতায় দেখুন

বরিশাল জিলা স্কুলে ৫ম ও ৮ম শ্রেণির বৃত্তি পরীক্ষার জন্য নির্বাচিত শিক্ষার্থীদের অভিভাবকদের সাথে মতবিনিময় সভায় উপস্থিত জেলা প্রশাসক মামুন খন্দকার -কীর্তনখোলা

## পুকুরে ডুবে আড়াই বছরের শিশুর মৃত্যু

**কাঁঠালিয়া প্রতিনিধি**

ঝালকাঠির কাঁঠালিয়ায় পুকুরের পানিতে ডুবে স্বস্তিক বৈরাগী নামে আড়াই বছর বয়সী এক শিশুর মৃত্যু হয়েছে। আজ শনিবার সকালে উপজেলার শৌলজালিয়া ইউনিয়নের মুন্সিরাবাদ গ্রামে এ ঘটনা ঘটে। নিহত স্বস্তিক ওই এলাকার রবিন বৈরাগী ও শিল্পী বৈরাগী দম্পতির ছোট ছেলে। পরিবার ও স্থানীয় সূত্রে জানা গেছে, আজ সকাল ১০টার দিকে স্বস্তিক তার বড় ভাই রক্তিম বৈরাগীর সঙ্গে বাড়ির আঙিনায় খেলছিল। এ সময় শিশুটির মা গৃহস্থালি কাজে ব্যস্ত ছিলেন এবং বাবা কাজের ৩ এর পাতায় দেখুন



প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com